পিকাসো যৎসামান্য রেখা টেনেছেন। লড়াই না হলে শিং-এর প্রয়োজন ই বা কি? পিকাসো আমাদের সামনে সেই মৌলিক প্রশ্ন রাখতে চেয়েছেন : যে কোনো পরিচয়ের জন্য এবং যাপনের জন্য বিস্তারিত বিবরণ বা কোনো সঙ্ঘাত কি একান্তই প্রয়োজন?

শুরুতে সক্রেটিসের দর্শন উল্লেখ করা হয়েছে। সাধারণ গড়পড়তা ধারণা থেকে Narrative Fallacy কেমন করে তৈরি হয় – কেনই বা তা তৈরি হয় – সে সবের ব্যাখ্যা দিতে গিয়ে মনস্তত্ত্ববিদগণ এই সিদ্ধান্ত দিয়েছেন যে, কোনো চমৎকার ঘটনা ঘটবার আগে মানুষ প্রায়শঃ ভবিষ্যতবাণী করে থাকেন -যে এটি কোনোমতেই হওয়ার নয়। আর যদি ঘটে যায় তো বলা হয় যে এটি বিচ্ছিন্ন একটা ঘটনা মাত্র - নিতান্তই হওয়ার ছিল – তাই কপালজোরে দৈবাৎ ঘটে গেছে। আবার সেই একই ঘটনা ঘটে গিয়ে যদি চতুর্দিক আশ্চর্য-চকিত করে দেয়, তখন লোকেরা তার পক্ষ নিয়ে নির্দ্বিধায় বেশ সুন্দর সুন্দর ব্যাখ্যা দিতে থাকেন। তালেবের Black Swan মতবাদ ওখান থেকেই এসেছে। সৃষ্টিশীল যারা - সবাই এই কথাগুলো বেশ জানেন; এমনকি এর ভেতরের ফাঁকিটাও বেশ ধরতে পারেন। তারা কেবল আপন প্রত্যয়ে অবিচল থাকেন। সময় বয়ে যায়। নিজের সাধনাতে তাঁরা একই রকম মগ্ন রয়ে যান -এমনি হয় জ্ঞানপিপাসা। সক্রেটিস বলেছেন, এই লক্ষ্যের অভিমুখে তাঁরা অহরহ "কূটনৈতিক কৌশল অবলম্বন করেন।" এখন প্রশ্ন হলো, কেন এই সৃষ্টিশীল থাকা যেখানে কূটনীতি অবশ্যম্ভাবী? জীবনানন্দ লিখছেন :

"সৃষ্টির মনের কথা মনে হয়— দ্বেষ।
সৃষ্টির মনের কথা: আমাদেরি আন্তরিকতাতে
আমাদেরি সন্দেহের ছায়াপাত টেনে এনে ব্যথা খুঁজে আনা।"

সৃষ্টিশীলতায় বিদ্বেষের ব্যথা প্রাপ্তি অনিবার্য। তাই কূটনীতি ও অপরিহার্য। টড হেনরি বেশ একটি বিখ্যাত বই লিখেছেন Die Empty - যার প্রতিপাদ্য বিষয় এই যে, সৃষ্টিশীল মানুষ - তিনি যে ক্ষেত্রেই থাকুন - মনে করেন যে, এই বিশ্ব তাঁকে চায় - তাঁরও কিছু দেওয়ার মতো রয়েছে; অতঃপর তিনি দিতে দিতে একসময় নিজেকে নিঃস্ব করে দেন। "অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো ন হন্যতে হন্যমানে শরীরে।" নিঃস্ব হওয়াতে পরম সুখ। রবীন্দ্রনাথ তো অদ্বৈতবাদীতায় তাঁর দর্শনকে যুক্ত করে দিয়েছেন এই ভাবে :

"আমৃত্যুর দুঃখের তপস্যা এ জীবন
সত্যের দারুণ মূল্য লাভ করিবারে
মৃত্যুতে সকল দেনা শোধ করে দিতে"

পাবলো পিকাসো "ছাগল"কে এনে জীবনের শেষ ভাগে নিদারুণ পরিহাস করে গেছেন। একদিকে ত্রাহি ত্রাহি রব; সবাই বলছেন জেনারেটিভ এ-আই আমাদের কোন প্রান্তরে ফেলবে জানা নাই। এখনই বিশ্বের প্রতি সাড়ে পাঁচ জনের মধ্যে একজন আমার বুভুক্ষু ভারতীয়। অন্য প্রান্তে এক ক্রান্তদর্শী বৃদ্ধ বলছেন, কুড়ি বছর পর কি হবে আমি জানি। তন্মধ্যে কৌশল অবলম্বন করে সৃষ্টির জন্য সব কিছু উজাড় করে দিয়ে চলেছেন অগনিত ভারতবাসী। পিকাসো হলেন যুগপুরুষ – তিনি সামান্য ছাগলকে বহুমাত্রিক অসামান্যতায় উপস্থাপন করেছেন। কূটনীতিক আমরা সবাই। অ্যারিস্টটল বলেছেন , মানুষ নাকি আজন্ম রাজনীতির ব্যাপারী। পিকাসো কূটনীতি করে আমাদের ভরে দিয়েছেন; ব্যাথাতুর হয়ে দিয়েছেন; নিঃস্ব হয়ে দিয়েছেন; এই পৃথিবীর সকল দেনা শোধ করে মৃত্যুর দারুণ মূল্য লাভ করার অবসরে পিকাসো-উত্তর পৃথিবীকে ঋণী করেছেন।

প্রয়াত ইতিহাস বিভাগের অধ্যাপক কোরক কুমার চৌধুরী মহাশয়ের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন

শ্রী বরেন্দ্র নাথ গিরি
(প্রথম স্থানাধিকারী প্রাক্তন ছাত্র, ইতিহাস বিভাগ, ১৯৯০-৯২)
সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, ইতিহাস বিভাগ, রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর
পশ্চিমবঙ্গ, ৭৩৩১৩৪
ফোন নম্বর: ৭৩৮৪৪৬৬৬৯৮ // Email ID: bnathgiri@gmail.com

আগামী ৩১/১০/২০২৬ তারিখ মহান মনীষী ও পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের নামাঙ্কিত বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী সংগঠনের মহামিলন 'সাগরে ফেরা -৬' অনুষ্ঠানের আমন্ত্রণ পেয়ে আমি অত্যন্ত আনন্দিত ও নিজেকে সৌভাগ্যবান বলে মনে করছি এবং সেজন্য আয়োজক বর্গ ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আমার শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

বিশ্ববিদ্যালয়ের এম. এ. ইতিহাস বিভাগের (১৯৯০-১৯৯২) তৃতীয় ব্যাচের ছাত্র হিসেবে আজও আমি বিশেষ আকর্ষণ অনুভব করি। আমার কাছে ঐ দুটি বছর বর্তমান সময়ে যেন আরও খুবই কাছের বলে অনুভূত হয়।

বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগ দ্বারা আয়োজিত প্রাক্তনী সম্মেলন ২০১৮ এবং ১১/০১/২০২৬ সশরীরে উপস্থিত ছিলাম - সেজন্য অধ্যাপিকা সুজয়া সরকার ও বিভাগীয় অন্যান্য অধ্যাপক অধ্যাপিকাগনকে নমষ্কার, শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানাই।

বিভাগীয় এবং বিশ্ববিদ্যালয়ের তৎকালীন এবং বর্তমান সকল অধ্যাপক ও অধ্যাপিকাগনের প্রতি যথাযথ সম্মান জানিয়ে আমি প্রয়াত অধ্যাপক কোরক বাবু সম্পর্কে আমার ক্ষুদ্র কিছু কথা ও অভিজ্ঞতা উল্লেখ করতে চাই। শরৎপল্লীতে তখন অবস্থিত বিশ্ববিদ্যালয়ের আর/উনিশ ঠিকানার হোস্টেলে থাকতাম। ছুটির দিনগুলোতে গ্রামের বাড়িতে যেতাম, কোনো কারনে এক-দুদিন ক্লাস না করলে কোনো কোনো সহপাঠীর কাছে স্যার আমার খোঁজ নিতেন কেন ক্লাসে অনুপস্থিত, যা আমার পরম প্রাপ্তি স্বরুপ ছিল। আজও কোরকবাবু আমার প্রেরণা স্বরুপ। স্যার সম্পর্কে অনেক কথার মাঝে আমার দু-একটি স্মরণীয় মুহূর্ত উল্লেখ করব। একদিন আমি লাইব্রেরীতে বসে পড়ছি। হঠাৎ আমার কাঁধে হাত রেখে পেছনে স্যার ডাকছেন ক্লাস করার জন্য, আর আমি হাতটাকে তাচ্ছিল্য সহকারে সরিয়ে দিচ্ছিলাম। বারকয়েক এরকমই হল। যেহেতু লাইব্রেরীতে কথা বলা বারণ, তাই স্যার পেছনে দাঁড়িয়ে থেকে কথা না বলে এরকম কাঁধে হাত রেখে যতবার ডাকছেন, আর আমি ততবার কোন সহপাঠী বা বন্ধু ভেবে কাঁধ থেকে হাতটা সরিয়ে দিচ্ছিলাম, কিন্তু পেছন ঘুরে দেখছিলামনা আমাকে কে এভাবে ডাকছেন। আশ্চর্য্যের বিষয় হলো এই যে, আমার মুখোমুখি বিশ্ববিদ্যালয়ের অন্যান্য বিভাগের যে ছাত্রছাত্রী গন বসেছিল তারা সবাই অবাক হয়ে দেখছিল - যেন আমি স্যারকে কিভাবে অবজ্ঞা করছি,

প্রকৃতপক্ষে তাঁরা আমাকে সচেতন হওয়ার ইঙ্গিত দিচ্ছিল। আমার সম্বিৎ ফিরে এলে ভীত ও লজ্জিতই হয়েছিলাম, স্যারের সাথে সাথে ক্লাস রুমে ফিরে গেলাম। আর কোনো কথা হলনা। যিনি বা যাঁরা কোরক বাবুকে দেখেছিলেন বা মিশেছিলেন তাঁরা নিশ্চয়ই জানবেন - এহেন কর্ম করা একজন ছাত্রের কাছে কল্পনার অতীত। এদিক থেকে স্নেহের ছাত্র হিসাবে আমি ধন্য।



প্রয়াত অধ্যাপক, শ্রদ্ধেয় কোরক কুমার চৌধুরী মহাশয়

দ্বিতীয় আর একটি বিষয় স্মরণ করে শেষ করব। এম. এ. পাশ করার পর একদিন আমাকে এবং বর্তমানে আমার সহধর্মিনী ও সহপাঠী সর্বানীকে ওনার রুমে ডাকলেন। দুজনে ভয় মিশ্রিত হৃদয়ে স্যারের রুমে প্রবেশ করলাম। কোরক বাবুর সাথে অপর একজন শ্রদ্ধেয় স্যার রথীমোহন চৌধুরীও বসেছিলেন, যিনি বাঁকুড়া খ্রীষ্টান কলেজের অধ্যাপক এবং তিনি আমাদের প্রাচীন ভারতের ইতিহাসের স্পেশাল ক্লাস নিতেন। আমরা দুজনে রুমে প্রবেশ করার পর স্যার জিজ্ঞেস করলেন - তোমাদের মধ্যে কে যাবে দার্জিলিং এর কার্সিয়াং ও কালিম্পং কলেজের জন্য ইন্টারভিউ দিতে। আমাদের মতামত জানানোর পূর্বেই রথীমোহনবাবু বললেন যে যদি কিছু করতেই হয় তবে বরেনের জন্য সুপারিশ করো, কিন্তু কোরক বাবু বললেন যে, সর্বানী যাক। রথীমোহনবাবু বলছিলেন যে, সর্বানী মেয়ে মানুষ, ও কেন যাবে, বরেন যাবে। অনেকক্ষণ ধরে ওনাদের মধ্যে বরেন-সর্বানী, বরেন-সর্বানী চলতে থাকল। আর আমরা দুজনে অবাক হয়ে লক্ষ্য করতে থাকলাম এবং বোবার মতো দাঁড়িয়ে থাকলাম। শেষে স্যার বললেন যে তোমরা বিজ্ঞাপন অনুযায়ী আবেদন কোরো। আমরা আবেদন করলাম। নির্দিষ্ট দিনে ও সময়ে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে একটি বিজ্ঞ ও পন্ডিত সমারোহের সম্মুখীন হলাম। কিন্তু সেই সাক্ষাৎকারের ফলাফল দিনের আলো দেখতে পেল না। কারন তখন মাননীয় সুভাষ ঘিসিং মহাশয়ের নেতৃত্বাধীন গোর্খাল্যান্ড আন্দোলনের উত্তুঙ্গ পর্যায়। 'পাহাড় কেবল পাহাড়ী বাসীর জন্য'। আজ ভারতের বিভিন্ন পাহাড় আমাকে টানে, কিন্তু দার্জিলিং এর কোনো ডাক সত্যিই আমি অনুভব করিনা। পাহাড় তার মতো করে ভালো থাকুক।

ঐদিনের স্যারের বসার ঘরের মধ্যে কথোপকথন যেন আজও চার দেওয়ালের মধ্যে থেকে গেল। কোরক বাবু আমার জীবদ্দশায় হৃদয়েই থাকুক। অনুগত ছাত্র হিসেবে স্যারের প্রতি সশ্রদ্ধ প্রণাম জানাই। স্যারের আত্মার চির শান্তি কামনা করি।


সকলকে আমার প্রণাম জানালাম। 'সাগরে ফেরা' হবে কিনা, বা পাহাড় ও সাগর এর মাঝখানে থেকে যাব - তা সময় স্থির করে দেবে। ষষ্ঠ মহামিলন এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।

One health approach to AMR

Dr. SK Sahanawaz Alam
Assistant Professor, Department of Botany
Garhbeta College

Antimicrobial resistance (AMR) is a serious global health concern according to the World Health organization (WHO) in recent times. It occurs when the microorganisms, viz. bacteria, fungi and parasites become resistant to different antimicrobial products. In India, Multi-drug resistance (MDR) to organisms is increasing day by day that plays critical public health issues. Several reasons are associated with this antimicrobial resistance but most common causes are mismanagement/mishandling (under dose, over dose or abuse) of antimicrobials, inadequate infection control, agricultural debris, contaminants in the environment, and migration of zoonotic diseases, infected with resistant bacteria facilitate this stretch out.

One Health approach is essential because it recognizes the interconnectedness of human, animal, and environmental health to combat this threat. Different initiatives i.e. Prudent Use of Antimicrobials (avoid unnecessary use of antibiotic, strict regulation for antibiotic sales, used as per physician recommendation, rational use of antibiotics in livestock and aquaculture), Preventing infection (promote the hygiene, sanitation and vaccination, use medicinal herbs to increase the body immunity), Surveillance & Monitoring (build robust national and global surveillance systems to track resistance trends and have data across human, animal, and environmental health sectors), Public health awareness and education for AMR, Innovation of new antibiotics and utilization of bacteriophages subsequently. National action plan program has been constituted to prevent antimicrobial resistance in the country. Antibiotic stewardship should be taken to minimize this global threat.



The Illusion of Progress: Why Automatic Promotion Failed India's Most Vulnerable Tribal Children

Dr. Santanu Panda

Social scientist, Faculty, Sukumar Sengupta Mahavidyalaya,
email: pandadrsantanu@gmail.com

A well-intentioned policy that promised inclusion has instead masked deep learning deficits in West Bengal's remote tribal communities. The Right of Children to Free and Compulsory Education (RTE) Act, which took effect in 2010, was a progressive and compassionate piece of legislation that created a framework within which children would be given an opportunity to receive a free elementary education. According to the Act, no child could be expelled or detained for a longer period than the prescribed maximums, as long as they had attended school and received an adequate education. Under the Act, children were not to be held back from advancing through grades based on standards set by the school, but instead were to be able to move through grades at their own pace, without the fear of facing failure. The vision was one founded on hope, but a decade later the realities of the implementation gap between the noble objectives of the act and the realities of its implementation are clear. The most tragic example of this reality can be seen in the catastrophic consequences for the remote villages of the Particularly Vulnerable Tribal Groups of West Bengal, particularly the Toto people in Alipurduar and Birhor in Purulia.

The policy had a clear objective: every child, regardless of ability, would be promoted up until Class 8 every year. Although the policy did not state explicitly that promotion would be based on age; this is the reality of the way the policy operates in practice. For example, children who start school late and/or struggle with their academic work are being promoted with their age cohort rather than being held back to complete all the necessary skills before being promoted; the result is that children have not learned what they need to by the end of the academic year hence why the ASER (2022) found that only 42.8% of students in Class 5 nation-wide were able to read a Level 2 text while only 25.6% were able to productively complete a simple division problem (ASER Centre 2023). These national averages, while already quite alarming, mask even more disturbing averages in states where tribal populations predominate, where schools have more than one teacher (multi-grade teaching), where students come to school on an irregular basis, and/or where there are language barriers; all of these factors present additional challenges for children from heterogeneous backgrounds. For example, in Toto and Birhor School, it is common for one teacher to have students from multiple grades in his/her classroom; this phenomenon has been observed throughout ASER's school observation programme. In addition, the attendance records have demonstrated that students from households dependent on forestry for their livelihood (especially those households that rely on seasonal labour) frequently miss a large portion of the school year; yet, due to the automatic promotion policy, virtually all students progressed from year to year through the system; therefore, while it appeared as if student achievement was improving, the reality is that learning deficits continue to exist below the surface.

When children from Particularly Vulnerable Tribal Groups (PVTGs) reach the 6th or 7th grade, the real impact of this policy exposes itself in an unfortunate manner: there are quite a number of students in grade 6 and 7 who cannot read at a grade 2 level or perform basic addition and subtraction problems. The survey of the educational status of the PVTGs of West Bengal, India, showed that the literacy levels of the Birhors of Purulia were statistically low and that the literacy level of the villages in this area was also extremely low. For example, in

the village of Bhupatipally, 60.84% of the population is literate, while the village of Bareriya is only 37.68% literate, and the illiteracy rate among the Birhors was found to be 62.32%. For the Totos, the illiteracy rate is about 27%, while the illiteracy rate among the Birhors is 33.12%. This situation is not due to inadequate intellectual ability of the children; nor is it due to lack of trying. Rather, it is due to the inability of the system to provide the foundation to the children to allow them to be promoted to the next grade with adequate skills to be able to learn at the next level. The failure of appropriate instructional support, the disconnect between the language spoken in the home and the language spoken in the school, and the lack of teachers in the multi-grade classrooms has contributed to this lack of ability to learn at the next higher level. As the children move through the grades without the foundation they need to succeed at the next higher grade level, the classes that they participate in as they progress become less and less understandable. Eventually, the students become discouraged, lose interest in the learning process, and arrive at the conclusion that school is pointless.

As evidence of the need for detention grew, the national dialogue around detention became even more critical. All levels of experts, including those in education, parliamentary committees, and State Governments voiced concern over the learning crisis that had been created due to the automatic promotion of students based on age. After nearly ten years of being reviewed and discussed, Parliament, in 2019, approved the Right of Children to Free and Compulsory Education (Amendment) Act, which eliminated the mandatory requirement of the no-detention provision and transferred authority back to the States to conduct regular assessments of students in Classes 5 and 8. States are now permitted to detain students who do not meet minimum benchmarks for learning if they have previously received additional assistance in learning and the opportunity to be reassessed. While expulsion from school will not occur, detaining students for academic reasons is permissible. To date, approximately 16 states and 2 Union Territories have implemented the amended framework. States such as West Bengal permit schools to conduct assessments and hold students back in Classes 5 and 8 if they do not meet at least the minimum benchmark for learning. States such as Maharashtra and Andhra Pradesh are still assessing potential ramifications of amending their policies as they continue to collect data before amending their laws.



For the PVTG groups of West Bengal, implementing the modified framework is particularly important. The earlier framework meant that educators in Totopara and Birhor communities have had to promote poorly-performing students to the next grade level, although they knew that these students were not performing at what should have been their grade level. While some teachers were aware of how great a gap existed in the children's educational attainment levels compared to the grade levels they were entering, the framework did not allow for sufficient structural means to address this issue. The new framework gives educational authorities legal grounds to recognize when children have demonstrated a learning deficit, rather than automatically continuing to promote them to the next grade level. This is a significant positive change. However, just holding back children who are not ready for grade-level work will not solve the systemic inequality that has taken years to develop. Educators in these areas also have very little educational resources, including they are often teaching multiple grade levels with only one teacher per classroom,

and often the students must walk a long way to school along roads that become unusable during the monsoons.

There are often considerable differences between the languages used in educational instruction and the languages used in the home. Economic activities in the area of natural seasonal periods often create extended absences from formal education for many children. Research has also shown that due to economic hardship, many students endure difficulties completing secondary school. Many have to help provide an income for their family through forest-based work; therefore, many report dropping out of secondary school to work or transitioning to rural agricultural work. Without providing an understanding and addressing the primary structural issues, there is no way for any changes in promotion policies to make a difference in educational outcomes for any of these children. In a study conducted in just one district of West Bengal, researchers found that parents were aware of the norms of a "no detainment" policy, however, teachers expressed concern about the impact of this policy on increasing levels of dropout rates, particularly on girls' education and empowerment, in certain areas populated by Tribes. This is an example of the complexity of implementing policy changes in an environment that has multiple barriers to education.



Authentic progress requires promotion to represent real learning rather than simply being based on age. Also, mother-tongue instruction in the early years, increasing availability of teachers and schools in remote areas, creating awareness in communities about the value of education and establishing a flexible school calendar to accommodate seasonal migrations, and providing targeted remedial assistance are all key factors in this process. Moving away from the policy of mandatory no-detention is an initial step; the bigger challenge will be to create an environment in which all children can learn and have access to meaningful and real learning experiences. By merely being advanced from one grade to the next does not fulfil the right to education for a child; it is only fulfilled when a child is learning with confidence and understanding. For the PVTG children of West Bengal to bridge the divide between the Government's aspiration for education policy and the reality of classroom education, there must be a collaborative investment in well-resourced school environments, well trained and sustained teaching staff and committed families who will support their children's educational and cultural development. Only then will the right to education be fulfilled for those who have historically been at the farthest end of the educational system. The lesson learned from the no-detention policy demonstrates that inclusive education without learning does not constitute inclusion.

ফেলে আসা দিনগুলোর কাছে

শ্রী লক্ষ্মীনারায়ণ সাহু

(M.Sc. 2002 Batch, Department of Applied Mathematics with Oceanology and Computer Programming)
Professor, Department of Computer and Information Science, Raiganj University, Raiganj–733134, West Bengal, India

সম্ভবত জুলাই ২০০০।

মেদিনীপুরের আকাশে তখন বর্ষার মেঘ। কোথাও ভেজা মাটির গন্ধ, কোথাও জমে থাকা জল, আবার কোথাও রোদ উঠে ভেজা কাজুবনের পাতাগুলোকে চকচকে করে তুলছে। আজ এত বছর পরে সেই সময়টাকে মনে করতে গেলে সবকিছু আর স্পষ্ট দেখা যায় না। কিছু মুখ পরিষ্কার, কিছু ঝাপসা; কিছু কথা হুবহু মনে আছে, কিছু কথার শুধু আবহটুকু রয়ে গেছে। কিন্তু আশ্চর্যভাবে সেই সময়ের একটা নিজস্ব শব্দ এখনও কানে বাজে—পুরোনো করিডরে জুতোর শব্দ, ক্লাসরুমে চক ঘষার শব্দ, লাইব্রেরির নীরবতা, ক্যান্টিনের কাপে চামচের ঠোকাঠুকি আর বন্ধুদের হঠাৎ হেসে ওঠা।

সেই সময়ের নাম—বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়।

তখন বিভাগের নাম ছিল Department of Applied Mathematics with Oceanology and Computer Programming। নামটিই যেন এক অদ্ভুত সমীকরণ—গণিত, সমুদ্র আর কম্পিউটার পাশাপাশি দাঁড়িয়ে আছে। প্রথম দিকে অবশ্য এসব নিয়ে এত ভাবার সময় কোথায়! চারদিকে শুধু অচেনা মুখ। কেউ নতুন বন্ধু খুঁজছে, কেউ চুপচাপ চারপাশ দেখছে, কেউ আবার সিনিয়র দাদা-দিদিদের দেখে একটু গুটিয়ে যাচ্ছে।

গণিতের ছাত্রদের একটা অদ্ভুত স্বভাব আছে—মানুষকে চিনে ওঠার আগেই সম্পর্কের সম্ভাবনাগুলোকে যেন অঙ্কের মতো ভাবতে শুরু করা। কে বন্ধু হবে, কার সঙ্গে বেশি কথা হবে, কে শুধু সহপাঠী থাকবে, আর কে একদিন খুব কাছের মানুষ হয়ে উঠবে—সবকিছু নিয়ে যেন অদৃশ্য হিসাব চলতে থাকে। কিন্তু পরে বুঝেছি, মানুষের সম্পর্কের কোনো theorem নেই, কোনো fixed formula নেই, কোনো guaranteed solution-ও নেই।

কয়েকটা দিন যেতে না যেতেই অচেনা মুখগুলো পরিচিত হয়ে উঠল। পরিচয় থেকে কথা, কথা থেকে হাসি, হাসি থেকে আড্ডা—আর একসময় সেই আড্ডার মধ্যেই জন্ম নিল বন্ধুত্ব। কখন যে পরিচিত মানুষগুলো আপন হয়ে গেল, তার কোনো নির্দিষ্ট তারিখ নেই।

তারপর শুরু হলো আসল বিশ্ববিদ্যালয় জীবন।

মাইতি বাবুর ক্লাসে ঢুকলেই পরিবেশটা যেন বদলে যেত। তিনি পড়াতেন কম্পিউটারের বিভিন্ন অংশ, Fortran Programming, C-এর practical, Operations Research, Differential Equation। কখনও কম্পিউটারের কোনো অংশ নিয়ে আলোচনা, কখনও C-এর program, আবার কখনও বোর্ডজুড়ে Differential Equation-এর দীর্ঘ সমীকরণ।

তাঁর গলায় এমন একটা দৃঢ়তা ছিল যে ক্লাসে ঢুকলেই বোঝা যেত—আজ পড়া না করে পার পাওয়া যাবে না। একদিন তাঁর মুখে শুনেছিলাম, "ভালো করে পড়াশোনা করতে হবে। বাবা-মা কষ্ট করে

লেখাপড়া করতে পাঠিয়েছে। কোনো ফাঁকি দেওয়া চলবে না।" তখন কথাগুলো কঠিন লাগত। আজ এত বছর পরে মনে হয়, সেই কঠোরতার ভিতরেই ছিল গভীর দায়িত্ববোধ।

C-এর practical-এ Mathematics যেন নতুন ভাষা পেল। খাতার equation কম্পিউটারের পর্দায় উঠে এল। program-এ ভুল হলে error, সংশোধন করলে output। Logic আর শুধু মাথার মধ্যে নয়, যন্ত্রের মধ্যেও কাজ করছে। Fortran-এর program, error খোঁজা, output পাওয়া—সবকিছুর মধ্যেই ছিল নতুন এক পৃথিবীর সঙ্গে পরিচয়।

Operations Research তখন ছিল syllabus-এর একটি বিষয়। সামনে একটি সমস্যা, একাধিক সম্ভাব্য পথ এবং নির্দিষ্ট constraints-এর মধ্যে একটি কার্যকর solution খুঁজে নেওয়া। আজ মনে হয়, জীবনও অনেকটা Operations Research-এর মতো। কিছু constraint থাকে, কিছু possibility থাকে, কিছু objective থাকে। কিন্তু Mathematics-এর problem-এর মতো জীবনে সব parameter আগে থেকে জানা থাকে না। অনেক variable অজানা, অনেক constraint সময়ের সঙ্গে বদলে যায়। তবু solution খুঁজতে হয়।

Differential Equation-এর মতো জীবনও কখনও জটিল হয়ে ওঠে। সমীকরণ যত কঠিনই হোক, তার একটি solution-এর দিকে এগোতে হয়। শুধু পার্থক্য একটাই—Mathematics-এর equation-এর solution খুঁজে পাওয়া যায়; জীবনের solution অনেক সময় বেঁচে থাকতে বেঁচে থাকতেই তৈরি করতে হয়।

জানা বাবুর ক্লাস ছিল অন্যরকম। একটু দেরি হলেই কান ধরে ক্লাসে ঢুকতে হতো। কয়েকজন একসঙ্গে দেরি করলে একজনের কান ধরে আর একজন, তার কান ধরে পরেরজন—চেন রুলের মতো পুরো দলটি ক্লাসে ঢুকত। তখন লজ্জা, হাসি আর ভয়ের মিশ্র অনুভূতি থাকলেও আজ সেই ঘটনাগুলো কেবল মজার স্মৃতি।

তাঁর Complex Analysis-এর ক্লাস বিশেষভাবে মনে পড়ে। বোর্ডে একটি problem লেখা হতো। তারপর ধাপে ধাপে বিভিন্ন ছাত্র সেই problem সমাধান করত। একটি অঙ্ক ধীরে ধীরে গোটা ক্লাসের হয়ে উঠত। কখনও তিনি আমাদের মাঝেই এসে বসতেন। তখন শিক্ষক ও ছাত্রের দূরত্বটা যেন অনেকটাই কমে যেত।

Complex number, contour, pole, residue—শব্দগুলো প্রথমদিকে অন্য জগতের ভাষা মনে হতো। পরে বুঝেছি, Mathematics-এর এই ধারণাগুলোর মধ্যেও জীবনের অদ্ভুত প্রতিচ্ছবি রয়েছে।

একটি complex number-এর যেমন real part এবং imaginary part আছে, মানুষেরও তেমন দৃশ্যমান ও অদৃশ্য দুটি জগৎ থাকে। বাইরে থেকে যাকে দেখা যায়, তার ভিতরে থাকে ভয়, স্বপ্ন, অভিমান, ভালোবাসা, অনিশ্চয়তা আর না-বলা কথা।

Contour শেখায়, একটি পথ সবসময় সরল হয় না। জীবনের পথও কখনও বাঁক নেয়, কখনও ঘুরে যায়, কখনও আবার পুরোনো কোনো বিন্দুর কাছে ফিরে আসে। কোনো মানুষের আজকের অবস্থানকে বুঝতে হলে শুধু শুরু আর শেষ নয়, মাঝখানের পথটাকেও দেখতে হয়।

Pole-এর মতো জীবনের কিছু মানুষ ও কিছু ঘটনা খুব অল্প সময়ের জন্য আসে, অথচ তাদের উপস্থিতি জীবনের সমীকরণটাই বদলে দেয়। আর Residue-এর মতো কিছু স্মৃতি পুরো ঘটনাকে

সঙ্গে না রেখেও ঘটনাটির অস্তিত্বকে মনে করিয়ে দেয়। ক্লাস শেষ হয়, পরীক্ষা শেষ হয়, বন্ধুরা দূরে চলে যায়—তবু থেকে যায় একটি মুখ, একটি কথা, একটি হাসি, একটি ক্লাসরুম কিংবা বোর্ডে লেখা কোনো অসমাপ্ত অঙ্ক।

সম্ভবত স্মৃতি আসলে সেই residue।

জানা বাবুর Oceanography-এর ক্লাসেও যেন পৃথিবীটা হঠাৎ বড় হয়ে যেত। Salinity, wave, vortex motion—প্রতিটি শব্দ যেন একেকটি দরজা। Fluid Dynamics-এর streamline, flow আর vortex-এর মধ্যে যেন সত্যিই জলকে চলতে দেখা যেত। তখন এগুলো ছিল কিছু সংজ্ঞা, সূত্র ও অঙ্ক; আজ মনে হয়, মানুষের জীবনও এক ধরনের flow। কখনও নির্দিষ্ট পথে এগিয়ে চলে, কখনও বাঁক নেয়, কখনও অদৃশ্য কোনো জায়গায় vortex-এর মতো ঘুরতে থাকে।

সমুদ্রের মতো জীবনও বাইরে থেকে যতটা শান্ত, ভিতরে ততটাই গভীর।

প্রবীণ বাবুকে প্রথমদিকে একটু গম্ভীর ও রাগী মনে হতো। পরে বুঝেছিলাম, সেই গাম্ভীর্যের আড়ালে ছিলেন অত্যন্ত শিশুসুলভ একজন মানুষ। তিনি পড়াতেন Integral Transform, Partial Differential Equation এবং Metrology-এর কিছু অংশ। তাঁর হাতের লেখা আজও স্মৃতিতে আলাদা করে জায়গা করে আছে। বোর্ডে তাঁর লেখা অঙ্কগুলো যেন অঙ্কের পাশাপাশি একেকটি ছবি।

Integral Transform শেখাতে গিয়ে একই সমস্যাকে অন্য রূপে দেখার যে ধারণা, আজ মনে হয় জীবনের ক্ষেত্রেও তার অদ্ভুত মিল আছে। কোনো ঘটনার মাঝখানে দাঁড়িয়ে থাকলে সেটি অত্যন্ত জটিল মনে হয়। কিন্তু সময়ের দূরত্ব তৈরি হলে একই ঘটনাকে অন্য আলোয় দেখা যায়। উত্তর হয়তো বদলায় না, কিন্তু উত্তরটিকে দেখার পদ্ধতি বদলে যায়।

Fourier Transform যেন স্মৃতিরও এক ব্যাখ্যা। একটি signal-এর মধ্যে যেমন অসংখ্য frequency লুকিয়ে থাকে, তেমনই জীবনের মধ্যে থাকে হাসি, বন্ধুর ডাক, শিক্ষকের গলার স্বর, ক্যান্টিনের আড্ডা, কোনো বিকেলের আলো কিংবা কোনো বিশেষ দিনের নীরবতা। বহু বছর পরে কোনো পুরোনো গান, গন্ধ বা নাম সেই হারিয়ে যাওয়া frequency-কে আবার জাগিয়ে দেয়।

মনে হয়, স্মৃতিও এক ধরনের inverse Fourier transform—ছড়িয়ে থাকা ছোট ছোট শব্দ, মুখ, গন্ধ ও অনুভূতিকে আবার একত্র করে একটি সম্পূর্ণ সময়কে মনের মধ্যে ফিরিয়ে আনে।

কাজল দি পড়াতেন Algebra, Graph Theory এবং Operations Research-এর কিছু অংশ। Graph Theory-এর node আর edge পড়তে পড়তে মনে হতো, মানুষের জীবনও বুঝি এক বিশাল graph। প্রত্যেক মানুষ একেকটি node, আর সম্পর্কগুলো সেই node-এর মধ্যে টানা অদৃশ্য edge।

কেউ খুব connected, কেউ ধীরে ধীরে disconnected হয়ে যায়। কেউ bridge হয়ে দুই আলাদা মানুষ বা দুই আলাদা দলকে যুক্ত করে। আবার কোনো একসময় খুব কাছের node-ও network-এর বাইরে চলে যায়।

Tree-এর মতো একটি branch থেকে কত মানুষ কত দিকে ছড়িয়ে গেল—কেউ শিক্ষক, কেউ গবেষক, কেউ চাকরির জগতে, কেউ অন্য শহরে, কেউ অন্য দেশে। আর Shortest Path-এর মতো সম্পর্কেরও নিজস্ব অদ্ভুত পথ আছে। কখনও দীর্ঘ পথই মানুষকে ঠিক মানুষের কাছে পৌঁছে দেয়, আবার কখনও খুব কাছের পথও দূরত্ব তৈরি করে।

কাজল দি-র roll call-ও ছিল আলাদা। তিনি নাম ধরে ডাকতেন, নাম মনে রাখতেন। "Present"—তখন শুধু উপস্থিতির উত্তর ছিল। আজ মনে হয়, সেটাই ছিল সেই সময়ের একটি গভীর ঘোষণা—এই মুহূর্তে এখানে আছি, এই মানুষগুলোর সঙ্গে আছি, এই সময়টার মধ্যেই আছি।

মধুবাবুর মধ্যে ছিল এক ধরনের পরিচিতির উষ্ণতা। তিনি পড়াতেন Classical Mechanics, Stochastic Process, C++, Database এবং আরও নানা বিষয়। Stochastic Process-এর কথা আজও মনে পড়ে। তখন random ছিল Mathematics-এর একটি শব্দ; পরে বুঝলাম, জীবনের পরের state-টিও তো অনেক সময় random।

আজ যে বন্ধুটি পাশে বসে আছে, কাল সে কোন শহরে থাকবে—জানা নেই। আজ যে একটি চাকরির preparation করছে, কয়েক মাস পরে তার ঠিকানা কোথায় হবে—জানা নেই। একটি ছোট সিদ্ধান্ত, একটি সুযোগ, একটি বদলি, একটি সম্পর্ক কিংবা নিছক সময়—যেকোনো কিছুই পরের state বদলে দিতে পারে।

জীবন তাই যেন সত্যিই একটি stochastic process—একটি state থেকে আরেকটি state-এর দিকে ক্রমাগত এগিয়ে চলা, কিন্তু পরের state-এর নিশ্চয়তা ছাড়া।

C++ ও Database-এর ক্লাসে আবার অন্য পৃথিবী খুলে যেত। সেখানে logic, structure, data ও program নির্দিষ্ট নিয়মে সাজানো। Program-এর syntax error খুঁজে পাওয়া যায়, database-এ তথ্য সংরক্ষণ করা যায়। কিন্তু জীবনের program-এ কোনো ভুলের পাশে error message আসে না। কোনো বন্ধুত্বের মাঝখানে communication error হতে পারে, কোনো সম্পর্কের data হারিয়ে যেতে পারে, অথচ পুরোনো স্মৃতিকে delete করেও পুরোপুরি মুছে ফেলা যায় না।

কম্পিউটার তখন শেখাচ্ছিল data কীভাবে সংরক্ষণ করতে হয়। জীবন শেখাচ্ছিল—সবচেয়ে গুরুত্বপূর্ণ data আসলে কোথায় সংরক্ষিত থাকে? মনে।

আর সেই database-এর কোনো delete command নেই।

তপনবাবু ছিলেন আরও আপন ধরনের মানুষ। তিনি পড়াতেন Real Analysis, Functional Analysis, Optimization Technique, Fuzzy Mathematics এবং আরও নানা বিষয়। তাঁর ক্লাসের Mathematics আজ ফিরে তাকালে জীবনের সঙ্গে আশ্চর্যভাবে মিলে যায়।

Limit, continuity, convergence—কত স্বপ্ন, কত অপেক্ষা, কত পরিকল্পনা যেন একটি কাঙ্ক্ষিত limit-এর দিকে এগিয়ে চলা sequence। কিন্তু সব sequence কি converge করে? কিছু স্বপ্ন কাঙ্ক্ষিত limit-এ পৌঁছায় না, কিছু অপেক্ষার কোনো শেষ হয় না। তবু sequence থেমে থাকে না। জীবনও থামে না।

Functional Analysis-এর Metric Space-এর distance-এও এক অদ্ভুত মানবিক ব্যাখ্যা আছে। Mathematics-এ distance মাপার নির্দিষ্ট নিয়ম আছে। কিন্তু মানুষের মধ্যে? দুটি মানুষ পাশাপাশি থেকেও অনেক দূরে থাকতে পারে, আবার হাজার মাইল দূরে থেকেও খুব কাছে থাকতে পারে। বন্ধুত্ব, ভালোবাসা, অভিমান—এসবের কোনো standard unit নেই।

Optimization Technique শেখায় সম্ভাবনার মধ্যে থেকে একটি কাঙ্ক্ষিত solution খুঁজতে। কিন্তু জীবনের objective function সময়ের সঙ্গে বদলে যায়। একসময় ভালো ফলাফল, পরে চাকরি,

তারপর গবেষণা, সংসার, প্রতিষ্ঠা কিংবা নিরাপত্তা—প্রতিটি সময়ে optimum solution-এর সংজ্ঞা বদলে যায়।

আর Fuzzy Mathematics যেন মানুষের অনুভূতিরই Mathematics। সবকিছুকে কি ০ অথবা ১-এ প্রকাশ করা যায়? সবকিছু কি সম্পূর্ণ সত্য বা সম্পূর্ণ মিথ্যা? সম্পূর্ণ কাছে অথবা সম্পূর্ণ দূরে? মানুষের সম্পর্কের মধ্যে তো অসংখ্য মধ্যবর্তী মান থাকে। কিছু সম্পর্কের নির্দিষ্ট নাম নেই, তবু তাদের অস্তিত্ব অস্বীকার করা যায় না।

সম্ভবত মানুষের অধিকাংশ সম্পর্কই fuzzy।

আর সেই সময়টা ছিল আজকের সময়ের থেকে সম্পূর্ণ আলাদা। তখন মোবাইল ফোন ছিল না, WhatsApp ছিল না, Messenger ছিল না, video call ছিল না। Online class-এর কথা ভাবাও যেত না। কাউকে কিছু বলতে হলে চিঠি লিখতে হতো, কারও বাড়িতে যেতে হতো, কিংবা বন্ধুর মেসে গিয়ে দরজায় দাঁড়িয়ে বলতে হতো—

"আছিস?"

ভিতর থেকে উত্তর আসত—

"আছি।"

ব্যস।

এই দুটি শব্দেই তখন অনেক বন্ধুত্ব টিকে থাকত। প্রযুক্তিগত connectivity কম ছিল, কিন্তু memory connectivity ছিল গভীর।

AI শব্দটি হয়তো কোথাও শোনা গিয়েছিল, কিন্তু Artificial Intelligence ভবিষ্যতে কী করতে পারবে, কীভাবে শিখবে, সিদ্ধান্ত নেবে—এসব ছিল এক অচেনা পৃথিবী। আজ AI চারপাশে; তখন AI ছিল ভবিষ্যতের একটি বন্ধ দরজা।

ক্লাসের বাইরে জীবনও কম সুন্দর ছিল না। ক্যান্টিনে চপ, ঘুগনি, ডিম, পাউরুটি, টোস্ট আর চা। এক কাপ চায়ের পাশে কত গল্প—চাকরি, SSC, NET, GATE, SLET, CSC বা WBCS-এর ভবিষ্যতের পরিকল্পনা। কেউ বই খুলে বসেও বই পড়ত না; দূরে কারও দিকে তাকিয়ে থাকত।

প্রেমও ছিল।

কেউ ভালোবাসত, কেউ বলতে পারত না। কেউ বলত, উত্তর পেত না। কারও গল্প পূর্ণ হয়েছিল, কারও গল্প সময়ের ভিড়ে কোথাও থেমে গিয়েছিল। কখনও মনে হতো সম্পর্কটা straight line; পরে বোঝা গেল, আসলে curve। দুটি জীবন parallel line-এর মতো পাশাপাশি চলেছে, কিন্তু কোনোদিন intersect করেনি।

কত অসমাপ্ত সমীকরণ তখন চারপাশে!

ইন্টার-ডিপার্টমেন্ট ক্রিকেটও ছিল আরেক উৎসব। ম্যাচ শুরু হলেই সবাই বিশেষজ্ঞ। কে ভালো bowling করল, কে ভুল shot খেলল, কোন বিভাগ জিতবে—সব বিষয়ে মতামত। নিজের বিভাগ হারলে মন খারাপ, জিতলে মনে হতো জীবনের বড় কোনো পরীক্ষা পাস হয়ে গেছে। আর কখনও

মাঠের খেলায় চোখ থাকার কথা থাকলেও অন্য কোনো চোখের দিকে চোখ চলে যেত।

বিশ্ববিদ্যালয়ের বাইরে ছিল সিনেমা। বন্ধুরা দল বেঁধে মহুয়া সিনেমা হলে যেত। সিনেমা শেষে সন্ধ্যায় মেদিনীপুরের রাস্তা ধরে সবাই নিজের নিজের মেসের দিকে ফিরত। তখন কে জানত, এই সাধারণ সন্ধ্যাগুলোই একদিন জীবনের সবচেয়ে দামি স্মৃতি হয়ে থাকবে?

প্রথম বর্ষে সিনিয়রদের দেখে যে সংকোচ ছিল, দ্বিতীয় বর্ষে এসে তার জায়গা বদলে গেল। নতুন জুনিয়ররা এল। একদিন যে নতুন ছিল, সে-ই হঠাৎ সিনিয়র হয়ে গেল। সময় কোনো ঘোষণা ছাড়াই মানুষের অবস্থান বদলে দেয়।

তারপর একে একে চাকরির খবর আসতে লাগল। কেউ SSC পেল, কেউ অন্য চাকরি, কেউ অন্য শহরে চলে গেল। আড্ডার চেয়ারগুলো ধীরে ধীরে ফাঁকা হতে লাগল।

কেউ বলল, "চাকরি হলে আবার দেখা হবে।"

কেউ বলল, "সবাই মিলে একদিন পিকনিক করব।"

কেউ বলল, "যোগাযোগ থাকবে।"

তখন কথাগুলো সত্যিই সত্যি মনে হয়েছিল। কিন্তু জীবন সব কথার value একই রাখে না। কিছু কথা পূর্ণ হয়, কিছু কথা সময়ের মধ্যে হারিয়ে যায়। অনেক সময় কেউ ইচ্ছে করে দূরে যায় না—সময়ই মানুষকে আলাদা করে দেয়।

তারপর এল মে ২০০২।

শেষ কয়েকটা দিন যেন হঠাৎ খুব দ্রুত চলে যেতে লাগল। শেষ ক্লাস, শেষ ক্যান্টিন, শেষবার একসঙ্গে বেরিয়ে আসা, শেষবার কোনো শিক্ষককে ক্লাস নিতে দেখা। তবু মনে হচ্ছিল—কাল আবার দেখা হবে।

কিন্তু সেই "কাল" আর আগের মতো আসেনি।

দু-বছরের অধ্যায় শেষ হলো। সবাই নিজের নিজের equation-এ ঢুকে গেল। কেউ চাকরি পেল, কেউ গবেষণায় গেল, কেউ সংসার করল, কেউ অন্য শহরে, কেউ অন্য দেশে। কেউ যোগাযোগে রইল, কেউ ধীরে ধীরে হারিয়ে গেল।

আজ এত বছর পরে সেই দিনগুলোর কথা মনে পড়লে বড় কোনো সাফল্যের কথা প্রথমে মনে পড়ে না। মনে পড়ে একটি ক্লাসরুম, একজন শিক্ষক, একটি বোর্ড, একটি অসমাপ্ত problem। মনে পড়ে Complex Analysis-এর contour, pole-এর কাছে বদলে যাওয়া function, residue-এর মতো থেকে যাওয়া স্মৃতি। মনে পড়ে Laplace-এর transform, Fourier-এর frequency, PDE-এর অসংখ্য variable, Graph-এর node ও edge, Stochastic Process-এর randomness, Metric Space-এর distance, Optimization-এর solution আর Fuzzy Mathematics-এর ধূসর সত্য।

তখন মনে হয়—

জীবনও কি তবে একটি বিশাল mathematical model?

কিছু variable নিজের হাতে, কিছু parameter জন্ম থেকেই নির্ধারিত, কিছু condition সময় বদলে দেয়। কিছু মানুষ এসে equation বদলে দেয়। কেউ চলে গেলে solution বদলে যায়, কেউ থেকে গেলে পুরো system-এর meaning বদলে যায়।

আর প্রেম?

প্রেমের কোনো theorem নেই। কোনো formula নেই। কোনো guaranteed solution নেই।

তাই হয়তো কিছু হিসাব আজও অসম্পূর্ণ। কিছু equation আজও শেষ হয়নি।

কখনও কখনও মনে হয়, যদি আবার সেই বিশ্ববিদ্যালয়ের করিডরে একদিন হাঁটা যেত! দরজার ওপার থেকে মাইতি বাবুর ক্লাসের শব্দ ভেসে আসত। জানা বাবু বোর্ডে Complex Analysis-এর problem লিখছেন। তারপর হঠাৎ আমাদের মাঝখানে এসে বসে পড়ছেন। প্রবীণ বাবুর সুন্দর হাতের লেখা বোর্ড ভরিয়ে দিচ্ছে। কাজল দি roll call করছেন। মধুবাবু Stochastic Process বোঝাচ্ছেন। তপনবাবু Functional Analysis কিংবা Fuzzy Mathematics-এর কোনো গভীর কথা বলছেন।

ক্যান্টিনে চায়ের ধোঁয়া উঠছে। মাঠে ক্রিকেট চলছে। কেউ চিৎকার করছে, কেউ হাসছে। কোনো এক কোণে দুজনের চোখে চোখ পড়ছে; কেউ কিছু বলছে না—তবু দুজনেই বুঝছে। আর বন্ধুরা এমন কোনো কথায় হেসে উঠছে, যার অর্থ আজ আর মনে নেই।

তখন বুঝতে ইচ্ছে করে—

এই তো ছিল জীবন।

তখন বোঝা যায়নি। মনে হয়েছিল, জীবন তো এখনও অনেক বাকি। কিন্তু জীবন তার সবচেয়ে অদ্ভুত সমীকরণটা সেখানেই রেখে যায়—

যে সময়টাকে সাধারণ মনে হয়, পরে দেখা যায় সেটাই ছিল সবচেয়ে অসাধারণ সময়।

জুলাই ২০০০ থেকে জুন ২০০২।

কাগজে দুটি বছর। একটা Identity Card, কিছু পরীক্ষা, দুটি marksheet, একটি certificate। কিন্তু স্মৃতির খাতায়?

সেখানে সেই দুটি বছর হয়ে আছে একটি সম্পূর্ণ পৃথিবী।

সেখানে শিক্ষক আছেন, বন্ধু আছে, সিনিয়র দাদা-দিদি আছে, জুনিয়র আছে। ক্যান্টিন আছে, চা আছে, ক্রিকেট আছে, মহুয়া সিনেমা হল আছে। প্রেম আছে, অভিমান আছে, চাকরির স্বপ্ন আছে, বিদায়ের কষ্ট আছে।

আর আছে সেই সময়ের সবচেয়ে বড় সত্য—

তখন মোবাইল ছিল না, online ছিল না, video call ছিল না; অথচ মানুষ মানুষের অনেক কাছাকাছি ছিল।

আজ প্রযুক্তি দূরত্ব কমিয়েছে। কিন্তু স্মৃতি বুঝিয়ে দেয়—দূরত্ব কখনও technology দিয়ে মাপা যায় না। Metric Space-এর distance আর মানুষের distance এক নয়। বাস্তবের distance যতই

বাড়ুক, স্মৃতির space-এ কিছু মানুষ একই জায়গায় থেকে যায়।

তাই আজও কখনও কখনও মনে হয়—সেই পুরোনো দরজাটা যদি একবার খোলা যেত!

সামনে হয়তো আবার দেখা যেত—

জুলাই ২০০০।

আর দূরে দাঁড়িয়ে আছে—

জুন ২০০২।

মাঝখানে দুটি বছর।

কিন্তু সেই দুটি বছরের ভিতরে ছিল একটি সম্পূর্ণ জীবন, একটি সম্পূর্ণ বিশ্ববিদ্যালয়, একগুচ্ছ মানুষ, অসংখ্য গল্প, কিছু অসমাপ্ত প্রেম, কিছু অসমাপ্ত সমীকরণ এবং এমন কিছু স্মৃতি, যার কোনো expiry date নেই।

সময় চলে যায়। মানুষ বদলে যায়। শহর বদলে যায়। বিশ্ববিদ্যালয়ের করিডর বদলে যায়। বিভাগের নামও হয়তো বদলে যায়।

কিন্তু স্মৃতির দরজাটা বদলায় না।

সেখানে এখনও চকবোর্ডে অর্ধেক লেখা একটি Complex Analysis-এর problem পড়ে আছে। কোথাও একটি contour এখনও বন্ধ হয়নি। কোনো pole-এর কাছে function এখনও অস্থির। কোনো residue এখনও থেকে গেছে। কোনো Fourier frequency এখনও বাজছে। কোনো stochastic process এখনও তার পরের state-এর অপেক্ষায়। কোনো graph-এর edge এখনও ছিঁড়ে যায়নি। কোনো metric space-এ distance এখনও শূন্য।

আর সেই পুরোনো ক্লাসরুমের দরজার ওপারে যেন এখনও শোনা যায়—

"আছিস?"

দূর থেকে উত্তর আসে—

"আছি।"

তখন বোঝা যায়, দিনগুলো আসলে পুরোপুরি চলে যায়নি। মানুষগুলোও পুরোপুরি হারিয়ে যায়নি। তারা শুধু বাস্তবের space থেকে সরে গিয়ে স্মৃতির space-এ জায়গা করে নিয়েছে।

আর মন যখন বর্তমানের সমস্ত ক্লান্তি থেকে একটু মুক্তি চায়, তখন নিঃশব্দে সেই পুরোনো দরজাটা খুলে যায়।

সামনে আবার সেই বিশ্ববিদ্যালয়।

সেই করিডর।

সেই ক্লাসরুম।

সেই মানুষগুলো।

সেই তরুণ বয়স।

আর দূরে কোথাও সময় দাঁড়িয়ে আছে, হাতে একটি অসমাপ্ত সমীকরণ নিয়ে।

সমীকরণটির শেষ লাইনে লেখা—

"সমাধান এখনও বাকি।"

হয়তো সেই সমাধান কোনোদিন সম্পূর্ণ হবে না।

হয়তো এটাই তার সৌন্দর্য।

কারণ কিছু গল্পের শেষ থাকে না। কিছু সময়েরও শেষ হয় না। তারা শুধু জীবনের এক প্রান্ত থেকে সরে গিয়ে অন্য প্রান্তে বসে থাকে।

আর বহু বছর পরে, নিঃশব্দ কোনো রাতে, তারা আবার দরজায় কড়া নাড়ে।

তখন মন খুলে দেয় দরজা।

আর ফিরে যায়—

ফেলে আসা দিনগুলোর কাছে।

লক্ষ্য

ড. অরূপ কুমার সরকার
সহকারী অধ্যাপক ও প্রধান, বাণিজ্য বিভাগ, উলুবেড়িয়া কলেজ

বিগত দিনের কথা গুলি
দেখতো মনে পড়ে কিনা!
সাথে নিয়ে সেই স্মৃতি, আবার যদি আমরা সবাই
গড়ে তুলি সুন্দর কিছু মুহূর্ত।
রঙিন হয়ে যায় পুরনো ধূসর স্মৃতিরা আবার একবার।।
বিশ্ববন্দিত হোক আমাদের প্রতিভারা
বিনয় আর মানবতা হোক আমাদের পরিচয়
দেখতো ছড়াতে পারি কিনা শিক্ষার দ্যুতি
লক্ষ্যে পৌঁছাক আমাদের সকল আশা,
ইয়ত্তা নেই আমাদের স্বপ্নের, আমরা করব জয়।।

সীমা পাল
ইতিহাস বিভাগ, শিক্ষাবর্ষ : ১৯৯৬- ১৯৯৮
শিক্ষিকা, শ্রীমা বালিকা বিদ্যালয়

সেদিন মোবাইল দেখছিলাম। তারিখটি ছিল ১৯ সেপ্টেম্বর। হোয়াটস অ্যাপে দেখি আমাদের সকলের প্রিয় শ্রদ্ধেয়া ড.সুজয়া সরকার মহাশয়া আমাদের ইতিহাস বিভাগের পুনর্মিলন গ্রুপটিতে আগামী ৩১ অক্টোবর শনিবার সকল বিভাগের পুনর্মিলনের খবরটি লিখে আমাদের আহ্বান জানিয়েছেন। খবরটি শুনে প্রতিবারের মতো এবারও খুব আনন্দ হলো।

আমরা জীবনে যে সকল শিক্ষাঙ্গন থেকে শিক্ষাগ্রহণ করেছি সেই সকল প্রতিষ্ঠানের প্রতি আমাদের একটা শ্রদ্ধামিশ্রিত ভালোবাসাবোধ কাজ করে। তাই সেখানে কোনো অনুষ্ঠানে যোগ দেবার আহ্বান পেলে মনে খুশির রেশ জাগরিত হয়। হয়তো সময়াভাবে আমরা সবসময় অংশগ্রহণ করতে পারি না তবে টান একটা থাকে। আমরা বর্তমানের প্রেক্ষাপটে মধুর অতীত স্মৃতির সাগরে অবগাহন করি।

আমারও স্বপ্ন ছিল বিশ্ববিদ্যালয়ের শিক্ষাগ্রহণ করে ইতিহাস সম্পর্কে সম্পর্কে আরো জ্ঞানলাভ। যখন বিশ্ববিদ্যালয়ে এম.এ তে ভর্তি হলাম প্রথম থেকেই শ্রদ্ধেয় স্যারেদের ও ম্যাডামের পড়ানো খুব ভালো লাগত। তাঁদের পাঠদান ও আন্তরিক ব্যবহার আজও লিখতে বসে মনে পড়ছে। কত ভালো স্মৃতি মনে ভিড় করে আসে। তখন এতটা সুন্দর প্রাচীরবেষ্টিত ছিল না। কতকটা তপোবনকেন্দ্রিক পরিবেশ ছিল। খুব ভালো লাগত বিশ্ববিদ্যালয়। দুষ্টুমি যে করিনি তা নয়। কখনো কখনো ক্যান্টিনে যেতাম। মনে পড়ে চা খেতে খেতে চলত গল্প তার সাথে থাকত ফুলকপির চপ ও ডিমের চপ।এছাড়াও মাছভাত, তরকারি নানারকম খাবার পাওয়া যেত।ছেলেরা খেলত ভলিবল,ক্রিকেট ইত্যাদি। খুব ভালো লাগত।

তখন আমাদের ইতিহাস বিভাগের যে দেওয়াল পত্রিকা ছিল তাতে আমি নিয়মিত লেখা দিতাম। এছাড়া ম্যাগাজিনেও লেখা দিয়েছি। খুব শান্ত ও নির্জন ছিল তখনকার পরিবেশ। এখন যখন বিশ্ববিদ্যালয়ের খ্যাতির কথা শুনি মন গর্বে ভরে উঠে।

বিশ্ববিদ্যালয়ে ২০২৬ পুনর্মিলন উৎসব সম্পর্কে ছড়ায় বলি -

বিশ্ববিদ্যালয়ে পুনর্মিলন
সকল বিভাগ একসাথে,
লাগল শুনে খুবই ভালো
মিলব আবার নতুন প্রাতে।

হারিয়ে যাওয়া দিনগুলি
উঠবে আবার সুর তুলি,
নবীন বয়স ফিরে পাব
গাইব আগের গানগুলি।

মনে পড়ল সকল সাথী
তোমরা সবাই এসো,
এই বয়সে সকলে আবার
আগের মতো হেসো।

অনেকটা সময় পার হয়ে
মিলব আবার সকলে,
মিলন স্মৃতির মধুর রেশ
থাকুক আলো জ্বেলে।

উৎসাহতে বাঁচব মোরা
হব না কভু ক্লান্ত,
বয়স আজি ভুলে যাব
গড়ব মিলন প্রান্ত।

সবশেষে আমাদের গর্ব বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় চির দীপ্যমান জ্ঞানের আলোয় উদ্ভাসিত হয়ে বিশ্বমাঝে শোভিত হোক।



Dr. Purnima Paramanik
Dept. of Botany & Forestry (2015-2017)
SACT-I, Dept. of Botany, Jagannath Kishore College, Purulia

নৃকেন্দ্রিক দৃষ্টিভঙ্গি (Ethnocentrism) ও আদিবাসী সমাজের ক্ষতি

নিরুপম পাইক
গবেষক, নৃতত্ব বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

ধরা যাক ভারতবর্ষের কোনো একটি পাহাড়ি গ্রামে একটি আদিবাসী জনগোষ্ঠীর মানুষ বহু প্রজন্ম ধরে বসবাস করছে। তাঁদের জীবনযাত্রা, বন, নদী, পাহাড় ও প্রকৃতির সঙ্গে গভীরভাবে সম্পর্কিত ছিল। বন থেকে তাঁরা খাদ্য, জ্বালানি ও ঔষধি উদ্ভিদ সংগ্রহ করতেন। পাশাপাশি, পবিত্র বনাঞ্চল, ঐতিহ্যবাহী উৎসব, লোককথা, নৃত্য ও সংগীত তাঁদের সামাজিক ও সাংস্কৃতিক পরিচয়ের গুরুত্বপূর্ণ অংশ ছিল। পার্শ্ববর্তী বন তাঁদের কাছে কেবল জীবিকার উৎস নয়, বরং ধর্মীয় বিশ্বাস, পূর্বপুরুষের স্মৃতি এবং সামষ্টিক অস্তিত্বের প্রতীক।

একদিন শহর থেকে আসা কয়েকজন প্রশাসনিক আধিকারিক ও উন্নয়ন পরিকল্পনাকারী গ্রামটিকে আধুনিক পর্যটনকেন্দ্রে পরিণত করার পরিকল্পনা গ্রহণ করলেন। তাঁদের ধারণা ছিল, আদিবাসীদের ঐতিহ্যবাহী জীবনযাত্রা অনেক অনুন্নত তাই তাঁদের প্রকৃত অর্থে উন্নয়নের জন্য, শহুরে জীবনধারা গ্রহণ করা অত্যন্ত প্রয়োজন। এই ধারণার ভিত্তিতে তাঁরা গ্রামবাসীদের সঙ্গে যথাযথ আলোচনা না করেই পবিত্র বনাঞ্চলের একটি অংশ পরিষ্কার করে হোটেল, রাস্তা ও বিনোদনকেন্দ্র নির্মাণের উদ্যোগ নিলেন। আদিবাসী মানুষদের বোঝানো হল পর্যটনকেন্দ্র গড়ে উঠলে এতে করে তাদের আয় বাড়বে, তাঁরা ভালো জীবন-যাপন করতে পারবে ইত্যাদি।

কিন্তু গ্রামবাসীরা এই সিদ্ধান্তের বিরোধিতা করলেন, যদিও কোনো ফল হলনা। তাঁরা বোঝানোর চেষ্টা করলেন যে বনটি তাঁদের ধর্মীয় বিশ্বাস, সামাজিক আচার এবং দৈনন্দিন জীবনের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে যুক্ত। কিন্তু পরিকল্পনাকারীদের কাছে সরকারী আদেশ আছে, তাই তাঁদের (আদিবাসীদের) বক্তব্যকে গুরুত্ব দিলেন না। তাঁদের চোখে আদিবাসীদের বিশ্বাস ছিল কুসংস্কার এবং তাঁদের জীবনধারা ছিল আধুনিকতার অনেক দূরে। ফলে গ্রামবাসীদের অভিজ্ঞতা, ঐতিহ্যগত জ্ঞান ও সাংস্কৃতিক অধিকারের প্রতি অবজ্ঞা দেখানো হলো।


কিছুদিনের মধ্যেই বনাঞ্চল সংকুচিত হতে শুরু করল। গ্রামবাসীদের খাদ্য ও ঔষধি উদ্ভিদ সংগ্রহের সুযোগ কমে গেল এবং তাঁদের জীবিকা অনিশ্চিত হয়ে পড়ল। পবিত্র স্থানটি ক্ষতিগ্রস্ত হওয়ায় প্রবীণদের মধ্যে গভীর মানসিক কষ্ট সৃষ্টি হলো। অন্যদিকে, তরুণ প্রজন্মের একাংশ নিজেদের ভাষা, পোশাক ও ঐতিহ্যকে পিছিয়ে পড়ার চিহ্ন হিসেবে দেখতে শুরু করল। এর ফলে প্রজন্মের মধ্যে সাংস্কৃতিক দূরত্বও বৃদ্ধি পেল।

এই কাল্পনিক ঘটনাটি নৃকেন্দ্রিক দৃষ্টিভঙ্গির ক্ষতিকর প্রভাব স্পষ্টভাবে তুলে ধরে। নৃকেন্দ্রিকতা বলতে নিজের সংস্কৃতিকে শ্রেষ্ঠ মনে করে অন্য সংস্কৃতিকে নিজের মূল্যবোধের ভিত্তিতে বিচার করাকে বোঝায়। এই মনোভাবের ফলে আদিবাসী সমাজের সাংস্কৃতিক স্বাতন্ত্র্য, ঐতিহ্যগত জ্ঞান, জীবিকা এবং আত্মপরিচয় ক্ষতিগ্রস্ত হতে পারে।

পরিশেষে বলা যায়, প্রকৃত উন্নয়ন কখনোই কোনো জনগোষ্ঠীর সংস্কৃতি ও অধিকারকে উপেক্ষা করে সম্ভব নয়। সাংস্কৃতিক আপেক্ষিকতার দৃষ্টিভঙ্গি, পারস্পরিক শ্রদ্ধা এবং উন্নয়ন পরিকল্পনায়, আদিবাসী জনগোষ্ঠীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা জরুরি। যেকোনো জনগোষ্ঠীর প্রকৃত অর্থে উন্নয়ন করতে হলে আগে ঐ গোষ্ঠীর আভ্যন্তরীণ কাঠামো, তাঁদের জীবনযাপনের ধরন বোঝাটা খুব জরুরি, এক্ষেত্রে বিখ্যাত নৃবিজ্ঞানী বি. কে. ম্যালিনোস্কির অংশগ্রহণমূলক পর্যবেক্ষণ পদ্ধতি ও ভাষাবিজ্ঞানী কেনেথ পাইক -এর 'আভ্যন্তরীণ দৃষ্টিভঙ্গি' খূবই জনপ্রিয় দুটি ধারণা। সর্বপরি মানুষের সাংস্কৃতিক বৈচিত্র্যকে সম্মান করার মধ্য দিয়েই একটি ন্যায়সংগত, অন্তর্ভুক্তিমূলক ও মানবিক সমাজ গড়ে তোলা সম্ভব।

জাগরণ

অর্পিতা বন্দ্যোপাধ্যায়
Human Physiology (1994)



ঘুমিয়ে আছে মানুষ সকল
জীবন সত্তার অন্তরালে
জ্ঞানের আলোয় জেগে ওঠে
অজ্ঞানতা পিছনে ফেলে।
জাগরণের এই পবিত্র মেলায়
মনের কলুষ হয় যে নাশ
আত্মশুদ্ধির জীবন মেলায়
মুক্ত যে হয় জীবন পাশ।
মনুষ্যত্বের বিকাশ হলে
দেবত্ব পায় আপন গুণে
দেবতা আশীষ মাথায় নিয়ে
মানব জাগে জাগরণে।
ঘুমের মাঝে স্বপন আসে
জাগরণে স্বপন গড়ে
আত্মশক্তির উন্মোচনে
বাধার পাহাড় যায় যে সরে।
জাগরণ মনে আনে শপথ ...
প্রাণে আনে মুক্তির স্বাদ ...
জীবন যুদ্ধে জয়ের ভাষা ...
জীবন জয়ের আস্বাদ।।

পুনর্জন্ম, বিদ্যাসাগর ও পেরিয়ার: একটি রোজা-ভিত্তিক আলোচনা

অংকন ভৌমিক
প্রাক্তনী, ফলিত গণিত বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

মূলত মধ্যযুগ থেকে আধুনিক যুগে প্রবেশের রূপান্তকারী চিন্তনধারা ও সামাজিক বিন্যাস তথা অর্থনৈতিক রাজনৈতিক পরিমণ্ডলের সূচক। নবজাগরণ নামেও পরিচিত। সবচেয়ে বেশি পরিচিত রেনেসাঁস নামে। সময় এখানে সর্বাধিক গুরুত্বপূর্ণ। পঞ্চদশ শতক থেকেই এর সূচনা ধরেন ঐতিহাসিকরা। তবে তার আগের যুগ অর্থাৎ পঞ্চম শতক থেকে এ সময়কালকে অনেকেই মধ্যযুগ বা অন্ধকারময় যুগ বললেও তা একাধিক প্রামাণ্য নথি ও তথ্য প্রমাণ সাপেক্ষে ভুল। একেবারেই ভুল। ভালো মানুষ সবকালেই ছিলেন। জোট বদ্ধ হতে পারেননি। তাই সামগ্রিক প্রতিফলন প্রস্ফুটিত হয়নি। ব্যাস এটুকুই পার্থক্য বললে, ইতিহাসের সঙ্গেও দ্বিচারিতা হয়। সময়টা তখন ছিল একেবারেই স্বাধীন চিন্তন বিরোধী। সেসব নিয়ে আলোচনা করলে একটি ইতিহাস বইয়ের জন্ম দেওয়া ছাড়া দ্বিতীয় কোন উপায় থাকে না বলেই সেসব আজকের আলোচনার উপজীব্য নয়। তবুও ইতিহাসের শুরুর দিকে আদিম মানুষ, তারপর তার জোট বাঁধা গোষ্ঠী, তারপর তাদের যাযাবর প্রকৃতি খাদ্য ও বাসস্থান নির্ভরতার ফলশ্রুতিতে, তারপর অন্য গোষ্ঠীর সংস্পর্শে আসা, গোষ্ঠীর আকার বাড়া, তারপর গোষ্ঠী নেতার ইচ্ছায় অন্যদের একত্রিত থেকে গোষ্ঠীর আয়তন বাড়াতে বাড়াতে দেশ তৈরী, এর মধ্যে নিত্যনতুন আবিষ্কার তারপর নিজেদের মধ্যে দ্বন্দ্ব, তারপর কলকারখানা, শিল্প বিপ্লব, কৃষি বিপ্লব থেকে একাধিক খন্ড দ্বন্দ্ব ও বিশ্বযুদ্ধের পরে দেশভাগ ও তারই মধ্যে অর্থ সঞ্চয়ের মাধ্যমে পুঁজিপতি সাম্রাজ্য ও দারিদ্রতা মেনে নেওয়া বিশ্বায়ন ও কর্পোরেট চিন্তার পরিণতিগুলির সুদীর্ঘ অথচ ধীরলয়ে ঘটে চলার সময় নির্ভর ঘটনাগুলির নিজস্ব অন্তর্দ্বন্দ্ব চললেও তা ক্রমশই আগের সময়ের পুনর্জন্ম। সে হিসেবে আগামীকাল আমাদের পুনর্জন্ম হবে, এবং গতকালের তুলনায় আজ আমাদের পুনর্জন্ম ঘটেছে। আধুনিকতার উত্তর উত্তর-আধুনিকতা হলেও সময়ের প্রেক্ষিতে তারপরেই নতুন করে উত্তর-আধুনিকতার জন্ম দেয়। এত সংক্ষেপে বলা হলেও তা মোটেই সংক্ষিপ্ত নয়। কিন্তু আমরা আমাদের আলোচনা শুরু করব আরবি-ইসলামিয় সভ্যতার স্বর্ণযুগে। জ্ঞান-বিজ্ঞানের বিকাশ দিয়েই। যাকে আমরা মধ্যযুগ বা অন্ধকারময় যুগ বলি, সেই সময়েই সপ্তম শতক থেকে প্রায় সহস্রাধিক বছর ধরে আরবি-ইসলামীয় সভ্যতাই, যা আজকের অনেকের কাছেই মধ্যযুগের পৃষ্ঠপোষক হিসেবে বিবেচিত।। জ্ঞান-বিজ্ঞানের গ্রিক-রোমান সভ্যতা ও ধারাকে সযত্নে রক্ষা করেছিল, পুষ্ঠ করেছিল ও পুনরায় তাকে তুলে দিয়েছিল ইউরোপীয় ও বাকিবিশ্বের হাতে, অনেক ক্ষেত্রে ইউরোপ ও পশ্চিমী সভ্যতা যা স্বীকার করে চলেছে প্রতিনিয়ত আজও। পঞ্চম শতকে রোম সভ্যতার পতনের পর এক হাজার বছর ধরে ইউরোপে নেমে আসে অজ্ঞানতার আলো। 'অন্ধকার যুগ' ইউরোপের। বাকি বিশ্ব যেমন চীনে, ভারতে এমন কি মধ্য ও পশ্চিম এশিয়ার বা উত্তরা আফ্রিকা, স্পেন-পেরুতে সভ্যতার আলো তখন উজ্জ্বল । খ্রিস্টীয় তৃতীয়-চতুর্থ শতকে গ্রীস ও পঞ্চম শতকের রোম সাম্রাজ্য পরে বাইজানটাইন সাম্রাজ্য টিকলেও কনস্টান্টিনোপল পতনের পর পঞ্চদশ শতক পর্যন্ত ইউরোপের অন্ধকারময় যুগ ছিল। সে সময় গির্জা প্রধান, পাদ্রী ছাড়া কারোর অক্ষরজ্ঞান ছিল না বলা হয়। চার্জের গ্রন্থাগারে থাকতো ধর্মতত্ত্ব সংক্রান্ত সামান্য বই। কিন্তু এ সময় আমাদের দেশেও জ্ঞান-বিজ্ঞানের চর্চা,

গণিতের চর্চা ঘটেছে, চিনে ঘটেছে বিজ্ঞান ও প্রযুক্তির নানা উদ্ভাবন। ইসলামের আগমনের পর মধ্য এশিয়া থেকে উত্তর আফ্রিকা পর্যন্ত এবং ইউরোপের পেনে বিজ্ঞানের অগ্রগতি চমকপ্রদ। ইসলামীয় সাম্রাজ্য থেকে এই জ্ঞান-বিজ্ঞান আহরণ করে তার উপর এই গড়ে উঠেছে রেনেসাঁস, নির্মিত হয়েছে আধুনিক বিজ্ঞানের বুনিয়াদ।[1]

মধ্যযুগে ইউরোপ থেকে গ্রীষ্মের জ্ঞান-বিজ্ঞান একেবারে অদৃশ্য হয়েছিল। তখন আরবিরা সেই বইগুলি আরবিতে অনুবাদ করে রেখেছিল। কনস্টান্টিনোপলের পতনের পর সেখান থেকে পন্ডিতরা বস্তাবস্তা সেসব বই ইউরোপে নিয়ে যান। সেখান থেকেই সক্রেটিস,প্লেটো, অ্যারিস্টটলের জ্ঞান সমৃদ্ধ আলো ছড়িয়ে পড়ে রেনেসাঁসের আকারে ইউরোপে। ইউরোপ পুনর্জন্ম পেল, কিন্তু প্রশ্ন থেকে গেল আরবিয়রা প্লেটো, ইউক্লিড অনুবাদ করল কেন? কিভাবে মূল ভাবনা কে অক্ষুন্ন রেখে অনুবাদ করেছিল? অনুবাদিত বইগুলি পড়লই বা কারা? তারপর কি হলো? পড়ার ফলই বা কি? এরপরই কি আরবেও ঘটেছিল পুনর্জন্ম? আদপে কি তাহলে আরবের সে সময় মধ্যযুগ নয়, নতুন চিন্তনের "নবযুগ" ছিল ?

আরবীয়রা কেবল ইউরোপেরই নয় ভারতীয় বা পারসিক বইও অনুবাদ করেছে। এমনকি ভারতে তথাকথিত মধ্যযুগেও মুঘল দোর্দন্ডপ্রতাপ সম্রাট আকবর উপনিষদের উর্দু অনুবাদও করেন। আরবী-ইরানি-ইরাকি-মিশরীয়রা বিভিন্ন অঞ্চলের উন্নততম জ্ঞান-বিজ্ঞান কে আত্মস্থ করেছেন। প্রয়োজনমতো বিলিয়েছেন। হযরত মুহম্মদ এর সময়কালে আরব জুড়ে মুসলিমরা রাজনৈতিক ক্ষমতা দখল করলেও সবাইকে ইসলামের দীক্ষিত করার মানসিকতা থেকে দূরে থাকতেন। খ্রিস্টান ইহুদি বা মুসলিম সবাই নিজেদেরকে আব্রাহামের পূর্বপুরুষ বলে মানে। যীশু কে শ্রেষ্ঠ নবী হিসেবে হযরতও স্বীকার করেন। মূর্তি পুজোকারীদের ধর্মান্তরিত করার প্রশ্ন থাকলেও জরাথুষ্ট্রীয়রাও মুসলিম ধর্মের দ্বারা বিশেষ সুবিধা পেতেন। হযরত এর আমলে আরবি প্রচলিত ভাষা থেকে কোরআনের ভাষাও হয়ে ওঠে। হয়ে ওঠে তখনকার গীতিনবীতার ভাষাও। ধীরে ধীরে স্থাপিত হয় বাগদাদ শহর। সে সময় সারা পৃথিবীর বৃহত্তম শহরে বাগদাদ হয়ে ওঠে শিক্ষা সংস্কৃতির কেন্দ্র । ইহুদি পারসিকদের সাথে সাথে আরবিয়রাও হয়ে ওঠে শিক্ষিত। বাগদাদ যখন আব্বাসীদ সাম্রাজ্যের রাজধানী তখন প্রচন্ড গতিতে বিশ্বের জ্ঞান আরবিতে অনুবাদ হচ্ছে দুর্বার গতিতে। মনে রাখতে হবে, হযরত মুহম্মদ জ্ঞানের উপর জোর দিয়ে বলেছিলেন, "জ্ঞানের জন্য দরকার হলে চীনেও যেতে হবে, পন্ডিতদের লেখার কালি শহীদের- রক্তের চেয়েও পবিত্র।" মূলত: মূর্তি পূজাকারীদের ধর্মান্তরিত করা হলেও ইরাক-ইরান-প্যালেস্টাইন জুড়ে ছড়িয়ে থাকা অন্য দুটি শক্তিশালী একেশ্বরবাদী ধর্মের সাথে তর্কে দর্শনে এগিয়ে থাকার তাগিদেই আরবি মুসলমানেরা জ্ঞান চর্চাকে সে সময় সর্বাধিক গুরুত্ব দিয়েছিল। আর তাই ঘটেছিল 'পুনর্জন্ম'। এরই ফলশ্রুতিতে ব্রহ্মগুপ্তের জ্যোতির্বিজ্ঞানের গ্রন্থ 'সিদ্ধান্ত' অনুবাদিত হয়েছিল 'সিদ্ধহিন্দ' নামে। নাটক কবিতার বই অনুবাদ করা হয়নি, যতটা হয়েছে বিজ্ঞান ও দর্শনের বই । চিকিৎসা ক্ষেত্রে গ্যালেনের এর বই অনুবাদ করেছেন হুনাইন, কিংবা জ্যোতির্বিজ্ঞানে টলেমির বইয়ের অনুবাদ করেন ইবন কুবা। আরোবি খলিফারা বহু ধরনের বই অনুবাদ করে নবজাগরণের সুপ্ত গতিকে সচল রাখেন। ভারতে তাল পাতার পুঁথি বা ইউরোপে প্যাপিরাস বা পশু চর্মে লেখা চালু থাকলেও সে সময় চীন থেকে সমরখন্দ হয়ে ইসলামীয় বিশ্বে হাজির হয় কাগজ। অষ্টম শতকে বাগদাদে কাগজের কল স্থাপিত হয়। বীজগণিত বা 'অ্যালজেব্রা' শব্দটিও এসেছে আরবি গণিতজ্ঞ আল খোয়ারিজ্মির প্রথম বীজগণিত বইয়ের শিরোনামের একটি শব্দ 'আল জেবর' থেকে। তখন আরবে তথাকথিত মধ্যযুগের যেভাবে জ্ঞান বিস্তার ঘটেছিল তা আরবের স্বর্ণযুগ ছাড়া অন্য কিছু না।

কিন্তু, আরবি দুনিয়া নিয়ে এত আলোচনার প্রয়োজন এখানে আসতোই না যদি না ভারতে নবজাগরণ সম্পর্কিত আলোচনায় মধ্যযুগীয় বর্বরতার নিরিখে আধুনিকতার সংজ্ঞা নির্ধারণ করা হত। ধর্ম -ধর্ম বিবাদে যে কারণে আরবিরা জ্ঞান ভান্ডার কে তর্ক দুনিয়ার শ্রেষ্ঠ সম্পদ হিসেবে বিবেচনা করত সেই ধর্ম কেন্দ্রিক গোঁড়ামিতে ভারতেই নবজাগরণের পথ আটকে দিতে চেয়েছিল একদল গোঁড়া মানুষজন। কিন্তু বিপরীতে যে মানুষগুলি তাদের নাম পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কিংবা পেরিয়ার রামস্বামী। ভারতের নবজাগরণের শ্রেষ্ঠ পুরুষ বলতে এদের বাদ দিয়ে আলোচনা অসম্পূর্ণ। বিদ্যাসাগর ও পেরিয়ার উভয়েই প্রচন্ডভাবে মধ্যযুগীয় ধর্মীয় গোঁড়ামী ছেড়ে মানবতাবাদের দিকে মানুষকে উদ্বুদ্ধ করেছেন। বিদ্যাসাগরের কাছ থেকে সাহায্য পাননি এমন বহু ধর্মের মানুষের লম্বা লিস্ট তৈরি করা সময়ের চাহিদা মনে হতে পারে তেমনি পেরিয়ারও দলিতদের হিন্দু ধর্ম ত্যাগ করার উৎসাহ দিয়েছেন এই মর্মে যে, অন্য ধর্মে বর্ণবাদ নেই। অপেক্ষাকৃত অধিকতর গণতান্ত্রিক পরিসরে বাঁচা যায়। এক কথায় মানুষকে মানুষের মতো বাঁচার প্রেরণা দিয়েছেন দুজনেই এবং তা মধ্যযুগীয় গোঁড়া হিন্দু চিন্তনের বিরুদ্ধে। ধর্ম নিয়ে বিদ্যাসাগর গোঁড়ামী দেখাননি। সহজ কথা স্পষ্টভাবে বলেছেন। একটি এম.এ পাস অচেনা ছোকরা বিদ্যাসাগরের কাছে মাস্টারি চাইতে এসেছে। ছোকরা থিওসপিস্ট। মাথায় লম্বা চুল রেখেছে। বিদ্যাসাগর বললেন -- "আরে, তোকে মাস্টারি দেবো কি। তুই মেয়ে মানুষ কি পুরুষ মানুষ আগে বিবেচনা করে বুঝি।"[2]

থিওসপিস্ট শব্দার্থ ব্রহ্মজ্ঞানী, ঈশ্বরতত্ত্ববিদ অথবা আধ্যাত্মিক সাধক হলে চাকরি চাইতে এসে পৌরানিক চরিত্র অনুকরণে কেশবিন্যাস কুসংস্কার ছাড়া আর কিছু না। আসলে বিদ্যাসাগর সময়কালে কুলীনসম্রাজ্যের অন্ধ গোঁড়ামির মধ্যযুগীয় বর্বরতার বিরুদ্ধে দাঁড়িয়ে বাঙালি জাতির নবজাগরণের প্রাণপুরুষ একমাত্র বিদ্যাসাগর ই। বহুবিবাহ নিরোধ ও বাল্যবিবাহ রোধে তাঁর ভূমিকা বিশ্বব্যাপী। একটি স্কুল ছুট বা স্কুলের চৌহদ্দি না ঢোকা ফুটফুটে বাচ্চা মেয়ের কষ্টে বিদ্যাসাগরের প্রাণ কাঁদত বলেই মেয়েটির পুনর্জন্মের কথা ভেবেছেন বিদ্যাসাগর। সমকালীন মধ্যযুগীয় বর্বর সমাজের বিরুদ্ধে গিয়েও আইন বের করেছেন বাল্যবিবাহের বিরুদ্ধে বিধবা বিবাহ আইন পাশের (1856) মধ্য দিয়ে। রক্ষণশীল কুলিন হিন্দু সমাজের বিরুদ্ধে একক প্রচেষ্টায় 1856 সালের 26 জুলাই হিন্দু বিধবা পুনর্বিবাহ আইন পাস হয়। বাঙালি বিধবারাও পুনর্জন্ম পায় বিদ্যাসাগরের হাত ধরে। ভারতবর্ষে নবজাগরণের অন্যতম মাইল ফলক এই আইন।

পেরিয়ার রামস্বামী ছিলেন কর্নাটকের কলিজা নাইডু সম্প্রদায়ভুক্ত বৈষ্ণব। 1920 সালে বিধবা বিবাহের কোন রীতি দক্ষিণ ভারতে ছিল না। রামস্বামীর পরিবার ছিল প্রতিরক্ষণশীল, গোঁড়া বৈষ্ণব এবং হিন্দু কুসংস্কারে আচ্ছন্ন। পুরুষতান্ত্রিকতার ঘেরাটোপে মেয়েদের পর্দাশীন রাখার ঘরতর বিরোধী ছিলেন রামস্বামী। স্বভাবতই ব্রাহ্মণ ধর্ম বিরোধী চিন্তার সূত্রপাত ঘটে। রামস্বামীর নিজের ভাগ্নি আম্মাই মাত্র 12 বছর বয়সে বিধবা হওয়ার জন্যই আরো বেশি করে ব্রাহ্মণ্যবাদ বিরোধিতা ও নারী মুক্তি আন্দোলনে সক্রিয় হয়ে পড়েন। পিতৃতান্ত্রিক রক্ষণশীল হিন্দু সমাজের সৃষ্টি নারী নির্যাতনের ধাপ গুলির বিরোধিতা করে রামস্বামী বলেন--" কোন অনুশাসন যদি পুরুষদের নারীদের সাথে পশুর চেয়েও খারাপ ব্যবহার করার উপদেশ দেয় তাহলে অবশ্যই তা বর্বরদের বিধান।"[3]

ভাগ্নির স্বামীর শ্রদ্ধানুষ্ঠানে যে 600-700 লোক নিমন্ত্রিত ছিলেন তাদের সামনে দুঃখ- শোক চিত্তে তার ভাগ্নিকে কোলে তুলে নিয়েছিলেন এবং সেখানে ভাগ্নিকে পুনর্বার বিবাহ দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন। পরিবারের

লোকের অমতেই ভাগ্নির পুনর্বার বিবাহ দেন এবং মন্দিরে না গিয়ে বাড়িতেই। এরপরেই আত্মীয়-স্বজন ও তার সম্প্রদায়ের লোকেরা বর্ণ প্রথা ভাঙার অপরাধী রামস্বামীকে প্রায় দু বছরের জন্য বয়কট করেন। বিদ্যাসাগর নিজের ছেলের জন্য বিধবা কন্যাকে পাত্রী করেন, রামস্বামী নিজের ভাগ্নিকে পুনরায় বিবাহ দেন। পূর্ব ও দক্ষিণ ভারত প্রায় একই সাথে নবজাগরিত হয়। যে মধ্যযুগীয় বর্বরতা গুলি পাশ্চাত্যে ব্রিটিশ শাসনেও চাপা পড়েনি সেগুলি ভারতীয়দের দ্বারাই চাপা পড়ার সিদ্ধান্তে অগ্রসর হতে লাগলো। রামস্বামী বিভিন্ন সভা সমিতিতে বিধবা বিবাহের সমর্থনে প্রত্যক্ষ প্রচার চালাতে লাগলেন। নারীদের আত্ম মর্যাদার প্রশ্নে চেঙ্গাল পাট্টু সম্মেলনে নারীদের সমান অধিকার অর্জনের দাবিতে আন্দোলন গড়ে তোলার বিষয়টি গুরুত্ব সহকারে আলোচিত হয় । সম্মেলনে পৈত্রিক সম্পত্তিতে পুরুষদের পাশাপাশি নারীরও সমান অধিকার, সরকারি চাকরিতে সমান সুযোগ সুবিধা এসব দাবিতে আন্দোলন গড়ে তোলার সিদ্ধান্ত নেয়া হয়। সম্মেলনের সিদ্ধান্ত অনুসারেই সামাজিক সংগ্রামের পাশাপাশি প্রচলিত বিবাহ পদ্ধতিকে অস্বীকার করে "সুয়ামরিয়াদই কল্যাণম" বা "আত্ম মর্যাদা বিবাহ" এর সিদ্ধান্ত আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়। 1929-32 পর্যন্ত তামিলনাড়ুতে 8000 আত্মমর্যাদা বিবাহ হয়। তিন দশকে হয় 60-70 হাজার পেরিয়ার সবগুলোতে উপস্থিত থাকেন । একাংশের মানুষ যেমন নিজেদেরকে নিম্ন বর্ণ মেনে নেয় শত শত বছর ধরে অপমানিত লাঞ্ছিত হয় তেমনি নারীরাও মেনে নেয় তারা পুরুষদের সম্পত্তি। এই ধারণা থেকে নারীদের বেরিয়ে আসার পরামর্শ দেন। কবির ভাষায় “নারীকে আপন সূর্যজয় করবার কেহ নাহি দিবে অধিকার।” অধিকার কেড়ে নিতে হবে। দক্ষিণ ভারতের নারীআন্দোলনে প্রাণ প্রতিষ্ঠা করেন রামস্বামী। পেরিয়ার মনে করতেন নারীদের সম্পত্তির উত্তরাধিকারী হওয়ার যোগ্যতা নেই, একথা বলাও নিষ্ঠুর অন্যায়ের প্রকাশ। যখন নারীদের মন্দিরে দাম দেওয়ার অধিকার ও যোগ্যতা আছে, তখন তারা সম্পত্তির উত্তরাধিকারী হবে না কেন? এই অধিকার কেউ অস্বীকার করলে নারীদের উন্নয়নে বাধা তৈরি হবে, সর্বনাশ হবে। নারীদের সকল প্রকার দাসত্ব থেকে মুক্তির পথ দেখিয়েছেন পেরিয়ার। সম্পত্তির অধিকার নারীদের উপযুক্ত মর্যাদা সম্পন্ন জীবনের পথে চালিত করবে এটা তার বিশ্বাস ছিল। যখন পাশ্চাত্যের নারীবাদী আন্দোলনেও 'বিপ্লবী নারী' শব্দটি ব্যবহৃত হতো না বেশি তখন পেরিয়ার দক্ষিণ ভারতে এই শব্দটির ব্যাপক অর্থে প্রচলন করেন। তার নেতৃত্বে পরিচালিত একাধিক আন্দোলন 'তাড়ি মদ বিরোধী আন্দোলন', 'ভাইকম সত্যাগ্রহ', 'আত্মমর্যাদা আন্দোলন', 'হিন্দি ভাষা আগ্রাসন বিরোধী আন্দোলন', 'জাত বর্ণ ব্যবস্থা বিরোধী আন্দোলন', 'পৃথক দ্রাবিড় নাড়ু আন্দোলন' -- এ নারীদের সক্রিয় অংশগ্রহণ চোখে পড়ার মতো। বিদ্যাসাগর নারী শিক্ষার জন্য নিজ খরচে মেয়েদের জন্য একাধিক বিদ্যালয় প্রতিষ্ঠা করলেও সামাজিক আন্দোলনে বিপুলসংখ্যক নারীদের অংশগ্রহণ করাতে পারেননি। প্রকৃতপক্ষে হিন্দুত্ব পৌরাণিক কল্পকাহিনী তথা ব্রাহ্মণ ধর্মের গোঁড়ামী ও নারী জাতিকে অধমৃত করে রাখার প্রয়াসের বিরুদ্ধে পেরিয়ার একটি মাইলফলক। হিটলারী 'এইন ভোক, এইন রাইখ, এইন ফুয়েরার' (এক রক্তের দেশবাসী, এক জাতি, এক নেতা) চিন্তনের বিরোধী আহবানে পেরিয়ার বা বিদ্যাসাগর উভয়ই দলিত আদিবাসী পিছিড়েবর্গ নারীর সমাজের জন্য যেভাবে চিন্তা কর্ম করে গেছেন তা ভারতবর্ষের দক্ষিণ প্রান্ত থেকে পূর্বপ্রান্তে এক পুনর্জন্মের সূচনা করেছে। সেই কারণেই আইআইটি মাদ্রাজের 'আম্বেদকর পেরিয়ার স্টাডি সার্কেল (APSC)' কে 2015 সালে নিষিদ্ধ ঘোষণা একটি অবসম্ভাবী ঘটনা। মৌলবাদীদের দ্বারা দেশের বিভিন্ন প্রান্তে পেরিয়ার বা বিদ্যাসাগর বা আম্বেদকর এর মূর্তি ভাঙ্গার ঘটনাও তাই একটি স্বাভাবিক ঘটনা। ব্রাহ্মণ্যবাদের তাড়নায় দলিত আদিবাসী নিপীড়ন এর ঘটনাগুলিতে সবচেয়ে নিচের স্তরে অবস্থানকারী নারীদের অবস্থা সর্বাপেক্ষা শোচনীয়। মধ্যপ্রদেশ হোক বা পশ্চিমবঙ্গের কাটোয়ায় গিঁধ গ্রামের ঘটনায় হোক,

ছত্রিশগড়ের অপারেশন কাগার হোক বা মনিপুরের জাতি দাঙ্গাই হোক, ভিমা করেগাঁও এর ঘটনাই হোক বা রোহিত ভেমুলাই হোক, জয়েশ সোলাঙ্কি হোক বা গুজরাটের শৈলেশ ভাই চানোয়ার বা কিষেন ভাই শোনমাই হোক যেখানেই যতভাবে দলিত শোষণ ঘটেছে সবচেয়ে বিশ্রী ভাবে তার ফল পেয়েছে তার বা তাদের পরিবারের মা-বোনেরা। মনস্তাত্ত্বিক হোক বা শারীরিক বা অর্থনৈতিক সব ক্ষেত্রেই। পেরিয়ার মনে করতেন ভারতবর্ষে প্রাধান্য কারী ধর্ম ও রাষ্ট্রের আইন ব্যবস্থা এ বিষয়ে হাত ধরাধরি করে কাজ করে। লিঙ্গ অসাম্যকে এই রাষ্ট্র নিজের স্বার্থে টিকিয়ে রাখে। তাই নারী স্বাধীনতায় হস্তক্ষেপ করে। এই সকল সমস্যা থেকে মুক্তির প্রশ্নে পেরিয়ার সমাজতান্ত্রিক সোভিয়েত রাশিয়া ছাড়া পৃথিবীর অন্য কোন জাতি রাষ্ট্রের পুঁজিবাদী মডেলের উপর কোন আস্থা রাখেনি।। এবং অবশ্যই মার্কসীয় চিন্তার সঙ্গে তার মিল ঘটে যায়। এই জায়গাতেই আমরা আলোচনা করব রোজা লুকসেম্বার্গ কে নিয়ে। বিখ্যাত মার্কসবাদী তাত্ত্বিক ও বিপ্লবী রোজা লুকসেম্বার্গ নারী ক্ষমতায়নকে একটি পৃথক বা লিঙ্গভিত্তিক আন্দোলন হিসেবে দেখেননি বরং তিনি একে সর্বহারা শ্রেণী সংগ্রামের একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে দেখেছেন অমূল্যায়ন করেছেন। রোজার মতে বুর্জোয়া বা বণিক শ্রেণীর নারীবাদ শুধু উচ্চবিত্ত নারীদের সার্থ রক্ষা করে। এটি শ্রমজীবী নারীদের প্রকৃত মুক্তি আনতে পারে না। 1912 সালে তার বিখ্যাত রচনা 'Frauenwahlercht und Klassebkamf' এ তিনি নারীদের সাধারণ, সমান ও সরাসরি ভোটাধিকারের দাবি জোরালো ভাবে প্রকাশ করেন। রোজা মনে করতেন শ্রমজীবী নারীদের সুনির্দিষ্ট দাবি আদায়ের জন্য বুর্জোয়া নারীবাদী আন্দোলনের বাইরে স্বাধীনভাবে নারী সংগঠন গড়ে তোলার দরকার। এমনকি তিনি সমাজতান্ত্রিক দলের ভেতরেও নারীদের স্বতন্ত্র সংগঠনের প্রয়োজনীয় তাকে সমর্থন করেন ও প্রখ্যাত নারী নেতৃত্ব ক্ল্যারা জেটকিনের মাধ্যমে নারীদের বিভাগ চালুর ক্ষেত্রে উৎসাহ দেন। তাই হয়তো আন্না বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত একটি কলেজ মুথাইমাল ইঞ্জিনিয়ারিং কলেজ তার WEC বা ওমেন এমপাওয়ারমেন্ট সেল এর ওয়েব পেজটি লুকসেম্বার্গ এর উদ্ধৃতি দিয়ে শুরু করেছে "women's freedom is the sign of social freedom".

আর আমরা গর্বিত পুনর্জন্মের বা নবজাগরণের দুই মহান পুরুষ পেরিয়ারের নামে তামিলনাড়ুর সালেমের প্রতিষ্ঠিত হয়েছে 'পেরিয়ার বিশ্ববিদ্যালয়' এবং বিদ্যাসাগরের পশ্চিমবঙ্গে পশ্চিম মেদিনীপুরে প্রতিষ্ঠিত হয়েছে 'বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়'।

নবজাগরণের সকল প্রগতিশীল ধারা গুলি আরো বিকশিত হোক দেশ ও দশের কল্যাণের জন্য এই আশায় আপাতত শেষ করছি এই লেখা।

তথ্যসূত্র:

1 অন্য এক রেনেসাঁস - সুমিতা দাস, পিপলস বুক সোসাইটি, 2023
2 করুনা সাগর বিদ্যাসাগর - ইন্দ্র মিত্র, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, 2023
3 সত্য রামায়ন ও অন্যান্য রচনা - পেরিয়ার ই ভি রামস্বামী, কাউন্টার এরা, 2026 (তৃতীয় সংস্করণ)

আসল মানুষ

দুলাল কুমার দে
অ্যাসোসিয়েট প্রফেসর, উদ্ভিদবিদ্যা বিভাগ
মেদিনীপুর কলেজ (স্বশাসিত)

প্রশ্ন কর নিজেকে—
তুমি কি তোমার মধ্যে
শক্তিকে জাগাতে পেরেছ?
তুমি কি ভালোবাসতে পেরেছ
স্বার্থহীন ভাবে?
তুমি কি কিছু দিতে পেরেছ
বিনা বিনিময়ে?
তুমি কি বন্ধু হতে পেরেছ
জাতি-ধর্ম ভুলে?
তুমি কি পেরেছ তোমার মধ্যে
'তুমি'-কে দেখতে?

যেদিন ত্যাগের মধ্যে আনন্দ খুঁজে পাবে,
যেদিন পাওয়ার আশা না করে
সেবা করতে পারবে,
যেদিন সকল জীবের সেবার মধ্য দিয়ে
পরম ধর্ম পালন করতে পারবে,
যেদিন ষড়রিপু কে বলি দিতে পারবে,
যেদিন নিজের মধ্যে নিজেকে খুঁজে পাবে,
যেদিন সুখ ও দুঃখকে সমানভাবে
দেখতে পারবে—
সেদিন তুমি প্রকৃত 'মানুষ' হবে।



সাগরের নোনাজল নয়, মুক্তোর সন্ধানে — আমার বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

ড. স্বপন ঘোষ
M.A. (Double) - Bengali, Education, B.Ed., Ph.D.
Year 1999-2001

সালটা ১৯৯৯। এক প্রত্যন্ত গ্রামের ছেলে আমি। প্রত্যন্ত গ্রামেরই একটি কলেজ থেকে শিক্ষার পরবর্তী অধ্যায়ের সন্ধানে পা বাড়িয়েছিলাম বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের পথে। সঙ্গে ছিল না কোনো বিত্তের অহংকার, ছিল না কোনো বিশেষ সুযোগ-সুবিধা—ছিল শুধু একজোড়া স্বপ্নভরা চোখ আর নিজেকে প্রতিষ্ঠিত করার অদম্য আকাঙ্ক্ষা। আমি এসেছিলাম সাগরের নোনাজল পান করতে নয়—মুক্তোর সন্ধানে।

ছোট ছোট গাছপালায় ঘেরা, লালমাটির গন্ধমাখা পরিচিত গ্রামীণ পরিসর ছেড়ে এসে দাঁড়িয়েছিলাম মেদিনীপুরের রাঙামাটির বুকে গড়ে ওঠা এক নতুন শিক্ষাঙ্গনে। সেই সময়ের নবীন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় আমার মতো প্রত্যন্ত গ্রামের ছেলের কাছে শুধু একটি বিশ্ববিদ্যালয় ছিল না; ছিল অজানাকে জানার দরজা, নিজের পরিচয় নির্মাণের ক্ষেত্র এবং ভবিষ্যৎ গড়ার এক আশ্রয়। যে অঞ্চলের মাটি, মানুষ, সংস্কৃতি ও আর্থসামাজিক বাস্তবতার সঙ্গে বিশ্ববিদ্যালয়টির জন্মলগ্ন থেকেই নিবিড় যোগ, সেই মাটিরই সন্তান হিসেবে তার সঙ্গে নিজের জীবনকে অদ্ভুত এক আত্মীয়তায় আবিষ্কার করেছিলাম।

বাড়ি থেকে যাতায়াত, নতুন পরিবেশে মানিয়ে নেওয়া এবং পড়াশোনার সঙ্গে তাল মিলিয়ে চলা—প্রথম দিকে সবই কঠিন ছিল। অচেনা মুখের ভিড়ে কখনো কখনো নিজেকেও খুব একা মনে হতো। কিন্তু মাত্র তিন মাসের মধ্যেই বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের প্রথম ছাত্রদের মধ্যে ভর্তি হতে পারা আমার জীবনের এক অবিস্মরণীয় গর্ব ও আনন্দের মুহূর্ত হয়ে উঠেছিল। মনে হয়েছিল, জীবনের আকাশে নতুন এক সূর্য উঠেছে—সেই সূর্যের নাম বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়।

এই বিশ্ববিদ্যালয়ের নামের সঙ্গে যাঁর নাম চিরকালীনভাবে যুক্ত, সেই ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়—আমাদের প্রিয় বিদ্যাসাগর—ছিলেন আমার অন্যতম প্রধান অনুপ্রেরণা। তাঁর কাছে শিক্ষা ছিল কেবল বিদ্যা অর্জনের উপায় নয়; ছিল মানুষকে আলোকিত করার শক্তি। সমাজসংস্কার, নারীশিক্ষা, মানবিকতা, যুক্তিবোধ ও দুর্বল মানুষের পাশে দাঁড়ানোর যে সাহস তিনি তাঁর জীবন দিয়ে দেখিয়েছিলেন, তা আমার মতো এক সাধারণ ছাত্রের মনেও গভীর রেখাপাত করেছিল। তাই তাঁর নামে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ে পড়া আমার কাছে নিছক সৌভাগ্য নয়, এক ধরনের নৈতিক দায় ও গর্বের মুহূর্তও ছিল।

বাড়িতে চরম আর্থিক দুরবস্থা। দিনে তিন থেকে চারটি গৃহশিক্ষকতা, তার সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ক্লাস; আর রাত নামলে নোটস নিয়ে গভীর রাত পর্যন্ত পড়াশোনা। একদিকে নিজের পড়াশোনা, অন্যদিকে সংসারের টানাপোড়েনে নিজের সামর্থ্য অনুযায়ী আর্থিক সহায়তা—এইভাবেই চলছিল জীবন। আজ বুঝি, তখন শুধু বিশ্ববিদ্যালয়ের পাঠ নিইনি; নিয়েছিলাম জীবনের পাঠ। অভাব আমাকে থামায়নি; বরং

বিদ্যাসাগরের জীবন আমাকে শিখিয়েছিল—প্রতিকূলতার মধ্যেও মানুষের স্বপ্নকে বাঁচিয়ে রাখতে হয়।

এই বিশ্ববিদ্যালয়ের শ্রেণিকক্ষ, করিডর ও ক্যাম্পাস আমার সংগ্রামের নীরব সাক্ষী। তার চেয়েও বড় প্রাপ্তি ছিল আমার পরম শিক্ষক ও গুরুজনদের সান্নিধ্য। তাঁদের স্নেহ, শাসন, পরামর্শ ও আশীর্বাদ আমার পথচলার প্রতিটি বাঁকে অদৃশ্য আলোর মতো পাশে থেকেছে।

জীবনের এক কঠিন অধ্যায়ে শারীরিক প্রতিবন্ধতার কারণে দুটি অপারেশনের মধ্য দিয়েও যেতে হয়েছিল। সেই শারীরিক যন্ত্রণা, পড়াশোনার চাপ এবং প্রতিষ্ঠিত হওয়ার মরিয়া চেষ্টা—সবকিছুকে একসঙ্গে বয়ে নিয়ে চলেছি। এরই মধ্যে প্রথম বর্ষেই স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার সৌভাগ্য হয়েছিল। কিন্তু একাডেমিক অসম্পূর্ণতার কারণে তখন সেই সাফল্য অধরা রয়ে গেল। আমি থামিনি। আবার চেষ্টা করেছি, নিজেকে প্রস্তুত করেছি, লড়াই করেছি। অবশেষে সাফল্য এলো হাতের মুঠোয়।

তারপর কেটে গেছে দীর্ঘ বাইশটি বছর। জীবনের সর্বাধিক সম্মানজনক পেশায় যুক্ত থেকে নতুন প্রজন্মের কাছে শিক্ষা ও মূল্যবোধ পৌঁছে দেওয়ার সুযোগ পেয়েছি। আজ পিছন ফিরে তাকালে বুঝি—মানুষ একা বড় হয় না; তার পেছনে থাকে পরিবার, শিক্ষক, প্রতিষ্ঠান এবং কিছু মাটির ঋণ। আমার জীবনে সেই মাটির নাম—বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়।

আজ এই প্রাঙ্গণে দাঁড়ালে মনে হয়, আমি যেন সেই ১৯৯৯-এর স্বপ্নদেখা তরুণটিকেই আবার দেখতে পাই। তার হাতে ছিল না প্রাচুর্য, ছিল না নিশ্চিত ভবিষ্যৎ—ছিল শুধু স্বপ্ন আর অদম্য লড়াইয়ের সাহস। সেই ছেলেটি আজ বুঝেছে, এই বিশ্ববিদ্যালয় তাকে শুধু একটি ডিগ্রি বা পেশা দেয়নি; দিয়েছে আত্মবিশ্বাস, জীবনদর্শন, মানবিকতার শিক্ষা এবং স্বপ্নকে বাস্তব করার সাহস।

নতুন প্রজন্মের কাছে তাই আমার একান্ত আহ্বান—এই বটবৃক্ষের তলে দাঁড়াও, তার ছায়ায় থেকো, তার ইতিহাস ও আদর্শ থেকে মানসিক পুষ্টি গ্রহণ করো। জীবনে প্রতিষ্ঠিত হও, বড় হও, সাফল্যের শিখরে ওঠো; কিন্তু প্রতিষ্ঠার সঙ্গে মনুষ্যত্ব অর্জনের সাধনাটুকু যেন কখনো হারিয়ে না যায়। বিদ্যাসাগরের প্রকৃত উত্তরাধিকার কেবল তাঁর নাম বহন করা নয়—তাঁর মানবিকতা, সাহস, যুক্তিবোধ ও সমাজের প্রতি দায়বদ্ধতাকে নিজের জীবনে ধারণ করা।

হে আমার বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, তুমি শুধু আমার অতীতের ঠিকানা নও—তুমি আমার আত্মপরিচয়ের অংশ, আমার সংগ্রামের নীরব সাক্ষী, আমার শিক্ষকদের আশীর্বাদের ভূমি এবং আমার জীবনের সেই বটবৃক্ষ, যার ছায়ায় দাঁড়িয়ে এক প্রত্যন্ত গ্রামের স্বপ্নদেখা তরুণ জীবনের উত্তাল রোদ পেরিয়ে সত্যিই মুক্তোর সন্ধান পেয়েছিল।

তোমার কাছে আমার শ্রদ্ধা—অশেষ।
তোমার কাছে আমার কৃতজ্ঞতা—আজীবন।
তোমার আদর্শ—আমার চলার পথে।
বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়—আমার জীবনের এক অবিনশ্বর অধ্যায়।


প্রবাদের বনলতা

অদিতি দে চ্যাটার্জী
Chemistry and Chemical Technology (1994-1996)
সহকারী শিক্ষিকা, গোকুলপুর বিধানচন্দ্র বিদ্যাভবন

মায়াবী মনের মোহপাশে আঁধার বিছায় মায়াজাল,
দারুচিনি দ্বীপের নিবিড়ে থেমে যায় ধাবমান কাল।
সেই অপরূপা মোহময়ী আজও জীবনের সঙ্গীতে,
কবির কলমে কালজয়ী কাব্যমালার পংক্তিতে।।

ক্লান্তির বাহুডোরে যবে বিবর্ণ সন্ধ্যার ছায়া ,
থেমে যায় সব কোলাহল, থাকে শুধু আঁধারের কায়া।
দখিনা বাতাস লাগে প্রাণে; একমুঠো স্বস্তির শ্বাস,
কোন সুদূরের আহ্বানে নব জীবনের উচ্ছ্বাস।।

মুক্তির বাতায়ন তলে দু'নয়নে সাগর সফেন;
বহমান কালের প্রবাহে মুখোমুখি বনলতা সেন।
মুখে শ্রাবস্তীর কারুকাজ, কেশভারে বিদিশার নিশা;
নাটোরের সেই অপরূপা হালভাঙা নাবিকের দিশা।।



কোন অজানার আহ্বানে দারুচিনি দ্বীপের নিবিড়ে
উতলা ব্যাকুল মনপ্রাণে সুখের প্রহর আসে ফিরে।
সময়ের এলোমেলো ঢেউ অবিরত করে চলাচল,
নির্জন দ্বীপে নেই কেউ, সবই বুঝি সময়ের ছল!

শ্রান্ত পথিক পথ ভুলে আঁকে জীবনের জলছবি,
মনোরম স্বপ্ন আবেশে অভিভূত পথভোলা কবি।
বিমোহিত মৌন অতীত বলে সেই মানবীর কথা;
কালের প্রবাহে কালজয়ী, তিনি প্রবাদের বনলতা।।

অবিবাহিতদের মঙ্গলকামনার সুবর্ণরৈখিক উৎসব 'আভড়াপুণেই'

সুদীপ কুমার খাঁড়া
প্রাক্তনী, ইতিহাস বিভাগ, ২০০০-২০০২
সহকারী শিক্ষক, চুয়াডাঙ্গা হাইস্কুল (উ.মা.)

যখন গোটা বাংলা লক্ষ্মী পুজোয় মাতোয়ারা হয় তখন লক্ষ্মী পুজোর পাশাপাশি গোটা দক্ষিণ পশ্চিম সীমান্ত বাংলা জুড়ে পালিত হয় 'আভড়াপুণেই'। কোজাগরী লক্ষ্মীপুজোর দিনে দক্ষিণ পশ্চিম সীমান্তবাংলার বিস্তীর্ণ অঞ্চলে বিশেষ করে সুবর্ণরেখার উভয় তীরে পালিত হয় 'আভড়াপুণেই' বা অব্যুঢ়া পূর্ণিমা (অব্যুঢ়া ব্রত)। এই লৌকিক উৎসব অবিবাহিত ছেলেমেয়েদের জন্য। এতে ছেলেমেয়ে কোন ভেদাভেদ নেই। উৎকল সংস্কৃতি বা ওড়িশার রীতি প্রভাব এই উৎসবে লক্ষ করা যায়। ওড়িশার 'কুমার পূর্ণিমা'-র প্রভাব এই 'আভড়াপুণেই' উৎসবে পরিলক্ষিত হয়। এই উৎসবে মা-ঠাকুরমারা অবিবাহিত ছেলেমেয়েদের মঙ্গল কামনা করেন। তাঁদের অবিবাহিত সন্তানরা যাতে ভবিষ্যৎ এ ভালো জীবনসঙ্গী বা জীবনসঙ্গিনী পায় সেই কামনা করা হয়। এদিন বাড়িতে পিঠে, পায়েস, লুচি, সুজি, ক্ষীরি থেকে শুরু করে নানা নিরামিষ পদ তৈরি হয়। এদিন সারাদিন অবিবাহিত ছেলেমেয়েদের ভূজা বা মুড়ি খাওয়া বারণ। মুড়ি খেলে এই ব্রত 'বুড়ি যাওয়া'র (ডুবে যাওয়া) বা ডিসকনটিউনিটি হওয়ার ভয় থাকে। এদিন স্নান করে নতুন পোশাক বা নিদেনপক্ষে নতুন রেশম (ঘুনশী) কোমরে পরতে হয়। স্নানের পরে মায়েরা,ঠাকুমারা,দিদিমারা অবিবাহিত সন্তানের মঙ্গলকামনায় কপালে চন্দনের মঙ্গল টীকা পরিয়ে দেন। অনেক অবিবাহিত ছেলেমেয়েরা, যাদের বয়স একটু বেশী তারা অনেক ক্ষেত্রে নিজের ভবিষ্যৎ জীবনে কার্তিকের মতো স্বামী বা লক্ষ্মী প্রতিমার মতো স্ত্রী পাওয়ার লক্ষ্যে সারাদিন উপবাস রেখে ব্রত করেন। আবার কারো কারো মতে, চাঁদের মতো সুন্দর জীবন সঙ্গী বা জীবনসঙ্গীনি পাওয়া এই ব্রতের লক্ষ্য। পূর্ণিমার চাঁদ উদয় হওয়ার পর এই ব্রত শেষ হয় তুলসী গাছে জল ঢেলে। ছেলেমেয়েদের মঙ্গল কামনায় অনেক ক্ষেত্রে মা তুলসী গাছে জল ঢালেন। তুলসী গাছে জল ঢালার প্রথা এখন নেই বললেই চলে।এই উৎসবে ছেলেমেয়ে উভয়ের ক্ষেত্রে সমান।

এই নিয়ে আগেকার দিনে মা-ঠাকুমারা অবিবাহিত ছেলেমেয়েদের আশীর্বাদ করে বলতেন, 'পো মেনেকার নিশ বাড়ু' অর্থাৎ ছেলেদের গোঁফ বাড়ুক, আর বলতেন 'ঝি মেনেকার আইস বাড়ু' অর্থাৎ মেয়েদের আয়ু বাড়ুক। আজকের আধুনিক জীবনের ছোঁয়ায় 'আভড়াপুণেই' এর জৌলুষ বা আচার অনেকটা ফিকে। লোকসংস্কৃতি গবেষক ড.মধুপ দে'র আক্ষেপ, মানুষের শেকড়ের সাথে জড়িত এই উৎসবগুলি ধীরে ধীরে হারিয়ে যাচ্ছে। মানুষের হৃদয়ের সাথে যুক্ত এই লৌকিক উৎসবগুলোকে আমাদের যেভাবেই হোক বাঁচিয়ে রাখা প্রয়োজন। ঝাড়গ্রাম জেলার রাধাগোবিন্দপুর গ্রামের বাসিন্দা তথা মহাপাল শ্রী বিদ্যাপীঠের প্রাক্তন সহকারী প্রধান শিক্ষক নলিনীকান্ত খাঁড়ার মতে, এই লৌকিক উৎসবগুলোর মধ্যে প্রাণের ছোঁয়া রয়েছে, এই উৎসবের ধারাকে আমাদের পরবর্তী প্রজন্মের কাছে বয়ে নিয়ে যাওয়ার দায়িত্ব আমাদের সকলকে নিতে হবে।





স্মৃতির আঙিনায় বিশ্ববিদ্যালয়

ড. উত্তম দোলাই
প্রাক্তন ছাত্র, দর্শন ও জীবন-জগৎ বিভাগ,
বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়


হৃদয়ের গহীনে লুকিয়ে আছেন,
মেঘে ঢাকা নীল আকাশের;
কালের দিনগুলিতে,
বয়ে যায় এক ব্যাকুল বাতাস।
পুরানো দালান, চেনা রোদ-ছায়া,
ক্যাম্পাস জুড়ে জড়ানো মায়া।
ক্লাসরুম, আড্ডা ও আলোচনা
নেই তো সেখানে কোনো বাধা।
ক্লাসের ফাঁকে করি কানাকানি,
কত না গল্পের রেশ টানি।
জুড়িয়ে যায় মনের চেনা আকুল প্রাণ
হাসির আড়ালের সাথে কেটে যায় ভয়।
স্মৃতির পাতায় লেখা রবে অভিধা,
ফিরে পাওয়া যাবে না সে সকাল-বিকাল।
যাঁরা শিখিয়েছিলেন জীবনের গূঢ়, যত গাঁথা।
আমাদের বিভাগের প্রিয় শিক্ষক মহাশয়েরা
আলোর পরম দিশারী,
ভুলগুলো আমার শুধরে দিতেন,
শাসন করতেন নরম।
আপনার দেওয়া শিক্ষার আলো
বুকে জড়িয়ে আছি।
শ্রদ্ধা জানাই প্রিয় শিক্ষক মহাশয়,
হৃদয়ের গভীরে থেকে।



সাগরে ফেরা

শুভ্র প্রকাশ মর্দন্যা
বাংলা বিভাগ (২০১৯)

উমার বিদায় বাঁশিতে মূর্ছিত এ ভুবন,
চোখের জলে গা ভাসালো এ ত্রিভুবন।।
তারই মাঝে জ্বলে ওঠে প্রদীপ শিখা,
আজি মোদের আনন্দের নবযাত্রা ।।
বছর ঘুরে এলাম আবার এ প্রাঙ্গণ মাঝে,
ধরি হাত সবার এ হৃদয় মাঝে।।
পেরিয়েছে কত প্রহর কতদিন কত না বৎসর,
বাঁচিয়ে রাখবো স্মৃতিটুকু এ জীবন ভর।।
মনে পড়ে ক্লাসরুম আর কত না শব্দের মূর্ছনা,
হারিয়ে যাওয়া দিনগুলো জাগায় কত মিঠে বাসনা।।
চলো সবে ধরি হাত একে অপরের,
ঘোচাই মোরা দূরত্বখানি পরস্পরের।।
সাগরের টানে তাই আবার এ মহামিলন,
চিরদিন বেঁচে থাক এ অমলিন স্পন্দন।।



প্রাক্তনী

বিজলী পাল
বাংলা বিভাগ **(২০১৯)**

এই ক্যাম্পাস, এই করিডোর, এই চেনা বটতলা,
এখানেই কোথাও ফেলে গেছিলাম আমরা আমাদের ছেলেবেলা।।
ক্লাস ফাঁকি, ক্যান্টিনের চা, আর শেষ বেঞ্চের আড্ডা,
আজ সবাই ব্যস্ত ভীষণ, কেউ ডাক্তার, কেউ শিক্ষক, কেউ বড় কর্তা।।
আমরা যারা প্রাক্তনী, নামের পাশে আজ অনেক ডিগ্রি,
তবু এই গেটটা পেরোলেই আমরা সবাই আবার সেই ছাত্রই।।
স্যারদের বকা, বন্ধুর খাতা, ফেস্টের রাত জাগা,
এই স্মৃতিগুলোই তো আমাদের আসল সম্পদ, আসল পাওয়া।।
সময় আমাদের আলাদা করেছে, দূরে নিয়ে গেছে কত,
আজ আবার একসাথে হলাম, হাতে হাত রেখে যত।।
আমরা প্রাক্তনী নই, আমরা এই বিশ্ববিদ্যালয়ের প্রাণ,
আমরা থাকলে, এই ইতিহাস কখনো হবে না ম্লান।।

ফিরে দেখা আঙিনা

নীলাভ পাত্র
পিএইচডি রিসার্চ স্কলার, দর্শন এবং জীবন জগৎ

ক্যাম্পাসের ঐ বকুলতলায়, চেনা পথের বাঁকে, পুরোনো সেই সোনালী দিন আজও আমায় ডাকে। বিদ্যাসাগরের ধন্য ভূমি, জ্ঞানের আলোয় ভরা, আজকে যেন স্মৃতির টানে এক হয়ে যায় ধরা। ক্লাসরুম আর ক্যান্টিনে আজ হাসি-গল্পের মেলা, বন্ধুপথের আড্ডাতে কাটে আনমনে সব বেলা। কতটা বছর পেরিয়ে গেল, কত যে বদল, চোখের কোণে জমল আবার হঠাৎ সুখের জল। অ্যাসাইনমেন্টের ব্যস্ততা নেই, নেই তো পরীক্ষার ভয়, আজ শুধুই ভালোবাসার, স্মৃতির জয়জয়কার হয়। পুরোনো সব মুখগুলো আজ আবার পাশাপাশি, একই সাথে মেতে উঠি ছড়িয়ে দিয়ে হাসি। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, প্রাণের আমাদের ঘর, সময় যত যাক না বয়ে, কেউ তো নইকো পর। পুনর্মিলনের এই লগনে বাঁধন হোক শক্ত, আমরা যে এই বিদ্যাপীঠের চিরকালের ভক্ত।

LIFE

Mahasweta Chatterjee
M.Sc. (2007), Department of Zoology

From the very beginning, we are taught to look ahead.

We are told that, when we grow up, we must become something, achieve something, make something of our lives. Somewhere along the way, we begin to believe that if we fail to do so, our life must have been a failure.

But what, exactly, are we supposed to become? What is it that we are supposed to achieve?

Most of us never really have a clear answer.

And perhaps, that is where the pressure begins.

We set goals for ourselves without always knowing why we want them. We chase them because we are told they matter. And when, despite all our efforts, we fail to reach them, we begin to mistake one unfulfilled dream for an unfulfilled life.

But is a life ever truly wasted?

Perhaps not.

Every moment leaves something behind. Every experience, every meeting, every loss, every joy quietly teaches us something. We may not recognise the lesson while we are living it. Sometimes, it is only much later—when we look back—that we realise what a particular moment was trying to teach us.

Perhaps, then, living is not about arriving at one particular destination and finally stopping there.

Nor is it about holding on to what we could not have, mourning every door that remained closed.

Life has its own rhythm. It moves, changes, turns, pauses, begins again. And perhaps what we need to learn is not how to control that rhythm, but how to move with it.

For life returns to us every day in a different form.

Sometimes as success, sometimes as failure.
Sometimes as a cherished gain, sometimes as an unexpected loss.
Sometimes as an answer, and sometimes as a question that refuses to leave.

Perhaps the beauty of living lies in accepting all of it—and in allowing every experience to reveal a new version of ourselves.

Maybe the greatest purpose of life is not a particular position, a title, or an achievement.

Maybe it is something far simpler.

To be at peace with ourselves.
To bring a little happiness into the lives of those around us.
To love while we can, to feel deeply, to remain curious, and to keep discovering who we are becoming.

After all, life is brief.

And perhaps, when all the ambitions, achievements, and unfinished plans have fallen silent, what will matter most is not how much we managed to accomplish, but how fully we managed to live.

To love.
To feel.
To wonder.
And to live, while we have the time, with an open heart.

Perhaps that is not merely a way of living.

Perhaps that, in itself, is a life well lived.

So, let us not merely pass through life. Let us be present for it.



Excursion of 1997 batch of Department of Zoology at Goa beach



Excursion of M. Sc. 2007 Zoology Batch

মধু দি ও বিড়াল ছানা

Rohan Khan
Department of Zoology
Batch of 2020

সিনেপ্লেক্সের শীতাতপ নিয়ন্ত্রিত হলঘরটা থেকে যখন আমরা চারজন—আমি, সিধু দা, মধুদি আর তথাগত—বাইরে বেরোলাম, তখন আকাশ জুড়ে একটা চমৎকার পড়ন্ত বিকেল নেমে এসেছে। সদ্য দেখে ওঠা 'সুপারগার্ল' সিনেমার রেশটা তখনও আমাদের চোখেমুখে লেগেছিল। রূপোলী পর্দার অতিমানবীর বীরত্ব নিয়ে যখন আমরা নিজেদের মধ্যে আলোচনা করতে করতে পার্কিং লটের দিকে এগোচ্ছি, ঠিক তখনই বাস্তবের মাটিতে ঘটে গেল অন্য এক রোমাঞ্চকর ঘটনা।পার্কিং লটের এক কোণে একটা মা বেড়াল তার ছ'টি ছোট্ট, তুলতুলে ছানাকে নিয়ে জড়োসড়ো হয়ে বসে ছিল। কিন্তু বিপত্তিটা ঘটল অন্য জায়গায়। একটা ছানা খেলতে খেলতে কখন যেন পাশে রাখা একটা মোটরবাইকের চাকার ঠিক তলায় গিয়ে পরম শান্তিতে শুয়ে পড়েছে। বাইকের মালিক ভদ্রলোক তাড়াহুড়ো করে এসে সিটে বসলেন। তিনি সম্পূর্ণ অসচেতন ছিলেন যে চাকার ঠিক নিচেই একটা ছোট্ট প্রাণ আশ্রয় নিয়ে আছে। ভদ্রলোক চাবি ঘুরিয়ে যেই না বাইকটা স্টার্ট দিয়েছেন, আমাদের সবার বুকটা ছ্যাঁত করে উঠল। "আরে, আরে! দাঁড়ান, দাঁড়ান!" মুখের কথা মুখেই রয়ে গেল, কিন্তু আমাদের চোখের পলক পড়ার আগেই বাস্তবের 'সুপারগার্ল' হয়ে উঠলেন মধুদি। নিজের দুপাট্টা ও সাইড ব্যাগ একহাতে সামলে, কোনো কিছুর তোয়াক্কা না করে মধুদি সোজা দৌড় লাগালেন বাইকটার দিকে। ভদ্রলোক সবেমাত্র গিয়ারে পা দিয়েছেন, ঠিক সেই মুহূর্তে মধুদি ক্ষিপ্র হাতে চাকার তলা থেকে ছানাটাকে টেনে বের করে নিজের বুকের কাছে জাপটে ধরলেন।বাইকের চাকাটা সশব্দে ঘুরল, কিন্তু ততক্ষণে বিপদ কেটে গেছে। ভদ্রলোক থতমত খেয়ে ব্রেক কষলেন। ঘটনাটা বুঝতে পেরে ওঁর মুখটাও ভয়ে ফ্যাকাশে হয়ে গেল। উনি বারবার মধুদির কাছে কৃতজ্ঞতা প্রকাশ করতে লাগলেন।আমরা বাকি তিনজন তখনো যেন ঠিকঠাক শ্বাস নিতে পারছিলাম না। একটু আগের টানটান উত্তেজনা কাটিয়ে আমাদের সবার বুক থেকে একটা দীর্ঘ, স্বস্তির নিঃশ্বাস পড়ল। মধুদি যখন পরম মমতায় ছানাটাকে তার মায়ের কাছে ফিরিয়ে দিলেন, মা বেড়ালটা অদ্ভুত এক কৃতজ্ঞতায় মধুদির পায়ের কাছে এসে গা ঘষতে লাগল। ছ'টি ছানাই তখন তাদের মায়ের চারপাশ ঘিরে খুশিতে লাফালাফি করছে। এই দৃশ্যটা আমাদের মনটাকে এক অদ্ভুত, অবোধ্য সুখে ভরিয়ে দিল।উত্তেজনার রেশটুকু কাটিয়ে আমরা চারজন খোলা আকাশের দিকে তাকালাম। আকাশে তখন সিঁদুরে মেঘের আভা। ঝাঁকে ঝাঁকে পাখিরা ডানা ঝাপটে তাদের নীড়ে ফিরে চলেছে।তাদের কলকাকলি যেন চারপাশের বাতাসে এক মায়াবী সুর তুলেছে, যা আলতো করে জানান দিচ্ছে—এবার সন্ধ্যা নামার পালা।বিকেলের সেই নরম আলোয় পাখিদের ঘরে ফেরার দৃশ্য আর একটা ছোট্ট প্রাণকে অকালমৃত্যুর হাত থেকে বাঁচানোর আনন্দ—সব মিলিয়ে আমাদের মনটা এক অদ্ভুত শান্তি আর ছোঁয়াচে খুশিতে ভরে উঠল। পর্দার সুপারগার্লের চেয়েও পাশের রক্তমাংসের মানুষটার এই বীরত্ব আর বিকেলের এই রূপ আমাদের চারজনকে এক অনাবিল তৃপ্তিতে আচ্ছন্ন করে রাখল অনেকক্ষণ।

Where My Dreams Took Root

Kanai Tudu
Department of English (2015)

Waiting alone,
I stood beside the main gate,
Unaware of what awaited me,
Or what was written in my fate.
With trembling legs
And a tense face,
I entered the university
I had long dreamed of embracing.
The great Vidyasagar University
Began to heal my inner soul,
With its wisdom and knowledge,
Helping me grow and making me whole.
In the Department of English,
A world of words unfolded before me;
Through poetry, prose, and literary dreams,
I discovered life beyond what eyes could see.
From Shakespeare's plays to poets' songs,
I explored the worlds where imagination belongs.
Each story taught me something new,
Each verse revealed a different view.
And there I sat,
In your nurturing lap,
Finding dreams, knowledge, and memories
That time could never erase.
Years have passed, yet still I find
Your treasured memories live in my mind.
Wherever I go, whatever I do,
A part of my soul will belong to you.



নিঃশব্দে বিদায়

বিপাশা রানী বেরা
(M.Com, শিক্ষাবর্ষ ২০২০-২২)

বিদায় মানে কি শুধুই চলন্ত ট্রেনে উঁকি মেরে হাত নাড়ানো?
নাকি এয়ারপোর্টে বোরিং পাস করানোর পর কাচের ভেতর থেকে শেষবার দেখা?

যে বিদায়গুলো আমরা পরিকল্পনা করে করি,
সেগুলো আসলেই কত যন্ত্রণাদায়ক হয় তাই না ?
চলে যাওয়ার দিন গোনা.....
একটা একটা করে কমতে থাকে দিন।
কিন্তু ভেবে দেখলে বোঝা যায় যে,
আসল বিদায় গুলো ঘটে অজান্তে।
মায়ের কোলে শেষবার মাথা রেখে ঘুমাবার সময় জানতাম না যে,
ওটাই শেষ...
তারপর ব্যস্ত হয়ে যাব।
বাবার কোলে ওঠার সময় জানতাম না যে,
ওটাই শেষবার...
এরপর বড় হয়ে যাব।
বন্ধুদের সঙ্গে স্কুলে শেষ দিন কাটানোর সময় জানতাম না যে,
ওটা স্কুলজীবনের শেষ দিন।
বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা শেষে বুঝে উঠতে পারিনি যে,
ছাত্রজীবনের শেষ পরীক্ষা এটা।
পরে বুঝেছি ওটা বিদায় ছিল...
নীরবে বিদায়...।
যেখানে কোন প্রতিশ্রুতি বা কোন আশা ছিল না।
এখন যা নীরবে হারিয়ে ফেলার আফসোস মাত্র।
আমরা শুধু বিশেষ বিশেষ বিদায়ের জন্য আনুষ্ঠানিকতা করি।
কিন্তু আসল বিদায়গুলো হয় নিঃশব্দে,
স্মৃতির খাতা উল্টে দেখলে
হঠাৎ মনে পড়ে 'হারিয়ে ফেলেছি'।
বেঁচে আছে শুধু দীর্ঘশ্বাস।

সাগরের টানে, স্মৃতির টানে

Jasmine Sultana
Second-Year M. Tech. Student
Department of Computer Science

কত পথ পেরিয়ে আজ, কত দূরে চলা,
তবু হৃদয় জুড়ে রয়ে গেছে সেই চেনা বেলা।
শেখার আলো, স্বপ্ন বোনা, নতুন দিনের গান,
এই প্রাঙ্গণেই প্রথম চিনেছি নিজের উড়ান।

কত মুখ, কত কথা, কত না বলা স্মৃতি,
কত ছোট্ট মুহূর্ত আজও হৃদয়ে অমলিন জ্যোতি।
সময়ের স্রোত মুছে দেয় কত চেনা দৃশ্যপট,
তবু এই আঙিনার টান রয়ে যায় অবিরত।

জীবন ডাকে নতুন পথে, স্বপ্ন ডাকে দূরে,
তবু মন ফিরে আসে বারবার স্মৃতির সুরে।
যে দিনগুলো একদিন ছিল নিতান্তই সাধারণ,
আজ তারাই হৃদয়জুড়ে সবচেয়ে মূল্যবান।

আজকের আমি, আগামীর পথে যতই এগিয়ে যাই,
এই প্রাঙ্গণের দেওয়া আলো হৃদয়ে বয়ে বেড়াই।
এখানে শুধু শিক্ষা নয়, পেয়েছি পথের দিশা,
অচেনা আগামীকে ঘিরে দেখেছি স্বপ্নের ভাষা।

আজ আমরা প্রাক্তনী, তবু সম্পর্ক হয় না শেষ,
স্মৃতির সুতোয় বাঁধা থাকে ভালোবাসার রেশ।
অতীত আর বর্তমানের মাঝে সেতু হয়ে রয়,
বিশ্ববিদ্যালয়ের প্রতি এই টান কখনও হারায় না ক্ষয়।

বিদ্যাসাগরের এই আঙিনা, তুমি হৃদয়েরই অংশ,
তোমার কাছে ফেলে আসা দিন আজও বড় আপন।
প্রজন্ম থেকে প্রজন্মে জ্ঞানের দীপ জ্বালো,
মানবতার আলোয় ভরে উঠুক আগামীকালও।

ফিরে আসা শুধু নয়, শিকড়কে ছুঁয়ে দেখা,
চেনা স্মৃতির ভাঁজে নিজের অস্তিত্বকে নতুন করে লেখা।
দূরত্ব যতই বাড়ুক, সময় যতই যাক বয়ে—
সাগরের টান রয়ে যায় হৃদয়ের গভীরে।

স্মৃতির পারুলডাঙ্গা

Sudipta Chakraborty
PhD Research Scholar, Department of Commerce
(Registration year, 2023)

অক্টোবরের শেষ দিকটায় মেদিনীপুরের বিকেলগুলো একটু অদ্ভুত রকমের বিষণ্ণ হয়ে পড়ে। বাতাসে কেমন একটা শুকনো মহুয়া পাতার গন্ধ ওড়ে, আর গোধূলির আলোটা দীর্ঘ থেকে দীর্ঘতর হয়ে নেমে আসে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরির লালচে দেওয়াল বেয়ে। অন্তত দশ বছর আগে যখন অনিমেষ এখানে এম.কম পড়ত, তখন বিকেলগুলো ঠিক এইরকমই ছিল।

ল্যাপটপের নীলচে আলোয় চোখ দুটো জ্বালা করছিল অনিমেষের। পুনের একটা বহুজাতিক সংস্থার ফিন্যান্সিয়াল অ্যানালিস্ট সে। কর্পোরেট কিউবিকলে ঘেরা এই আট বাই দশের জগৎটাই এখন তার চারণভূমি। বাইরে কাচের জানলা দিয়ে দেখা যাচ্ছে ঝাঁ-চকচকে হাইওয়ের ট্র্যাফিক, কিন্তু অনিমেষের চোখের সামনে ভাসছিল অন্য এক দৃশ্য—ইউনিভার্সিটির অডিটোরিয়ামের পেছনের ঘাসজমি, যাকে ওরা বলত ‘পারুলডাঙ্গা’।

অ্যাসোসিয়েশনের চিঠিটা কাল রাতেই ইমেলে এসেছে। শতবর্ষ বা অন্য কোনো উপলক্ষ নয়, নিছকই পুরনো দিনের একটা পুনর্মিলন আর স্মরণিকার আহ্বান। কিন্তু সেই মেলটা যেন অনিমেষের ভেতরে জমিয়ে রাখা দীর্ঘদিনের ক্লান্তি আর একাকীত্বকে এক ঝটকায় নাড়িয়ে দিয়ে গেছে।

তার বন্ধুদের কথা মনে পড়ল।

সৌম্য—যার পকেটে সবসময় একটা গিটারের কর্ড আর মুখে জীবনানন্দের কবিতা থাকত। বলত, “একদিন আমরা এমন এক ব্যান্ডের গান বাঁধব, যেটা গোটা বাংলা শুনবে।” আজ সৌম্য বহরমপুরের এক রাষ্ট্রায়ত্ত ব্যাংকে ক্যাশ সামলায়। দিনে আট ঘণ্টা টাকার বান্ডিল গুনতে গুনতে তার আঙুলগুলো এখন কর্ড ভুলে গেছে।

আর রিয়া? রিয়া হতে চেয়েছিল একনিষ্ঠ গবেষক, যার লক্ষ্য ছিল দিল্লির কোনো বড় গবেষণা প্রতিষ্ঠান। কিন্তু পারিবারিক বাধ্যবাধকতা আর নিয়তির টানে আজ সে মফস্বলের এক স্কুলে নিয়মমাফিক পড়া শেষ করে বাড়ি ফিরে শাশুড়ির পথ্য রাঁধে।

আর অনিমেষ নিজে? ইউনিভার্সিটির বিতর্ক প্রতিযোগিতায় যে ছেলেটা দাঁড়িয়ে বলত, “স্বপ্ন দেখতে পারাটাই জীবনের সবচেয়ে বড় যোগ্যতা,” সে আজ মাসের শেষে ইনসেন্টিভ আর এক্সেল শিটের সংখ্যার খেলায় জীবনের বাকি সব সমীকরণ হারিয়ে ফেলেছে। কোথায় গেল সেই রঙিন স্বপ্নের আকাশ? কাঙ্ক্ষিত সাফল্য মানে কি শুধুই একটা বড় ফ্ল্যাটের ইএমআই আর দামি গাড়ির চাবি?

গত কয়েক বছরে যোগাযোগগুলো কেমন ফিকে হয়ে এসেছিল। প্রথমে ছিল প্রতি রবিবার গ্রুপ কল, তারপর সেটা নেমে এল দুর্গাপূজার সংক্ষিপ্ত শুভেচ্ছাবার্তায়, আর শেষমেশ শুধুই হোয়াটসঅ্যাপের ‘ব্লু টিক’ আর নীরবতায়। কেউ কাউকে ফোন করত না—হয়তো ব্যস্ততার অজুহাতে, নয়তো নিজেদের

ব্যর্থতা ও মধ্যমেধার গ্লানি ঢাকতে। সাফল্যের সিঁড়িতে সবাই সমান উচ্চতায় পৌঁছতে পারেনি; এই দ্বিধাই বন্ধুত্বের মাঝে তৈরি করেছিল এক অলঙ্ঘ্য দেওয়াল।

ম্যাগাজিনে লেখার কাগজটা সামনে নিয়ে অনিমেষ লিখতে শুরু করল। কোনো রূপকথা নয়, কোনো মিথ্যে সাফল্যের বিজ্ঞাপন নয়, সে লিখল এক চরম সত্যের কথা—

"আমরা ভেবেছিলাম ডিগ্রি পেলেই জীবন জিতে নেওয়া যায়। আমরা বুঝতে পারিনি, আসল জয় ছিল সেই চার বছর, যখন বিকেলে ক্যান্টিনের ভাঙা বেঞ্চে আধ-কাপ চা পাঁচজনে ভাগ করে খাওয়ার মধ্যে কোনো হীনম্মন্যতা ছিল না। আমরা এখন সফল হওয়ার মিছিলে ক্লান্ত সৈনিক। কেউ হয়তো কর্পোরেট অফিসের শীর্ষে, কেউ হয়তো চকের চায়ের দোকানের পাশে কোনো সাধারণ চাকরিতে। কিন্তু আমরা প্রত্যেকেই প্রতিদিন একটু একটু করে মিস করি সেই নিজেদের, যারা কোনো মুখোশ ছাড়াই হাসতে পারত।"

লেখাটা শেষ করে পাঠিয়ে দেওয়ার পর বুকের ভেতর জমে থাকা দীর্ঘদিনের ভারটা যেন অদ্ভুতভাবে হালকা হয়ে গেল।

মাসখানেক পর। বিশ্ববিদ্যালয়ের স্মরণিকা প্রকাশিত হয়েছে। অনিমেষ কাজের চাপে অনুষ্ঠানে যেতে পারেনি। একটা রবিবার বিকেলে তার ফোনে একটা অচেনা নম্বর থেকে কল এল।

রিসিভারটা তুলতেই ওপার থেকে পরিচিত, কিছুটা খসখসে অথচ প্রাণবন্ত এক গলা ভেসে এল, "অনি, তোর লেখাটা পড়লাম রে... বিদ্যাসাগরের স্মরণিকায়।"

সৌম্য।

অনিমেষের গলা দিয়ে কথা সরছিল না। দশ বছর পর এই ডাক।

"জানিস তো," সৌম্য বলে চলল, "লেখাটা পড়ে আমি আজ বিকেলে আলমারির ওপর থেকে ধুলো পড়া গিটারটা নামিয়েছি। অনেকগুলো সুর ভুলে গেছি রে, কিন্তু তারের ওপর হাত রাখতেই মনে হলো, আমরা তো আসলে হারিয়ে যাইনি। আমরা শুধু ব্যস্ত হয়ে পড়ার অভিনয় করছিলাম।"

পেছন থেকে মৃদু হাসির শব্দ শোনা গেল। কনফারেন্স কলে ততক্ষণে যোগ দিয়েছে রিয়াও। "অনি, তোর এই লেখাটার জন্য কত বকা খাওয়ার কথা জানিস? তুই এতগুলো বছর কোথায় লুকিয়ে ছিলি?"

বাইরে তখন পুনের শহরেও গোধূলি নেমেছে। কিন্তু অনিমেষের ঘরের অন্ধকার কেটে গিয়ে তখন আলো ঝলমল করছে। কোনো বড় পদবী নয়, কোনো ব্যাংক ব্যালেন্স নয়—কাঙ্ক্ষিত জায়গায় না পৌঁছনোর যে হাহাকার এতকাল তাকে কুড়ে কুড়ে খাচ্ছিল, এক নিমেষে তা ধুয়েমুছে গেল বন্ধুদের সহজ হাসিতে। সাফল্য বা ব্যর্থতা দিয়ে বন্ধুত্বের হিসেব হয় না; দূরত্ব যতই বাড়ুক, পারুলডাঙ্গার সেই বিকেলে রাখা হাতগুলো কখনো একে অপরকে ছেড়ে যায় না।

পৃথিবী

Abhishek Ghosh
MCA 2018

ধূসর আজ এই পৃথিবী
ছিল সবুজ একসময় পৃথিবী

কিন্তু, আজ, কোথায় এই পৃথিবী
গাছ কেটে শেষ করছো

এই ধরনীর বুকে বাঁচবো আমরা
গাছ লাগাবো, শত্রু আমরা
আর কতদিন কষ্ট দেবে? পৃথিবী,

বারণ করছে এই পৃথিবী
বাঁচতে আমরা চাই সবাই পৃথিবী

শেষ হচ্ছে এই পৃথিবী
কীটনাশক বিষের আজ পৃথিবী।

যত বাড়ীর বর্জ্য জঙ্গলে ফেলো
গ্রীষ্মকালে আগুন জ্বালো
বন্যপ্রাণী কোথায় যাবে ? পৃথিবী

অক্সিজেন, দেবে এই পৃথিবী
গাছ লাগাও প্রাণ বাঁচাও পৃথিবী।

লাগাও গাছ যতখুশি, পৃথিবী
সবুজ আবার করব, এই পৃথিবী।

যত বন্যা খরা কারণ ওই
গাছ কাটছো হিসেবে কই?
ভবিষ্যৎ অন্ধকারে, পৃথিবী


সবুজ, করব এই পৃথিবী
কিন্তু গাছ কাটার কসাই বেহিসেবী

সুন্দর হবে এই পৃথিবী
গাছ লাগাও, মায়ের নামে, পৃথিবী

কত সুন্দর হবে একবার ভাবো !
প্লাস্টিক ছাড়া জীবন পাব
বন্যেরা সব বনে থাকবে পৃথিবী

তাই বর্ষাকালে গাছ লাগাবো, পৃথিবী
নতুনভাবে সবুজ গড়বো পৃথিবী।

সংকল্প একটাই জিতবো পৃথিবী
সবুজ আবার করবো এই পৃথিবী।।
নতুন ভাবে সবুজ গড়বো পৃথিবী
গাছ লাগাও, প্রাণ বাঁচাও পৃথিবী
গাছ লাগাও, মায়ের নামে পৃথিবী।





বনবীথি

সুদীপা হাতি দাস
উদ্ভিদবিদ্যা বিভাগ (২০০০)





প্লাবন - ঢালা শ্রাবণধারাপাতে,
অ্যাপোসাইনেসির হলুদ অ্যালামুন্ডায়
মন যায় মেতে।
গন্ধ রেখে যায় মধুবায়ে,
ওলিয়েসির শিউলিগুলি বিছায় ছায়ে ছায়ে।
কালো মেঘের ছায়ার সনে
রুবিয়েসির লাল-হলুদ রঙ্গনে,
সিক্ত যুথীর গন্ধ বেদনে।
শ্বেতশুভ্র যুঁই, বেলি, টগর কামিনী ও গন্ধরাজের
গন্ধ ভেসে আসে সজল সমীরনে।।
শ্রাবনের গগনে ঘনরস আবরণে,
অ্যাপোসাইনেসির গোলাপি অ্যাডেনিয়ামে
হৃদয় নেচে উঠে শিহরণে
অবিরাম বারিবর্ষনে।
ম্যালভেসির লাল-চন্দন জবা গুলি
সজল বায়ে উঠে জেগে,
সারা প্রহর মেঘছায়ে
আমার মনের সুর উঠে বেজে।
তৃতীয়ার একফালি চাঁদের জোছনা
অ্যাসপারাগেসির রজনীগন্ধার
চঞ্চলা নৃত্যে বাজে ছন্দে,
গোধূলি লগনে এই বাদল গগনে
নিকটাজিনেসির সন্ধ্যামালতী
সাজে আপনারই গোপন গন্ধে।।
বারি-ঝরা বনের গন্ধ নিয়ে,
কদমকেশর ঢেকেছে পথ দিয়ে।
রুবিয়েসির মুসেন্ডা গুলো সিক্ত বারিধারায়,
ব্যাক্তবীজী জামিয়ার মেলকোন দেখা দেয় পাতার
গোড়ায়।
উতলা হয়েছে মালতীর লতা
ফুরালো না তার মনের কথা।
অ্যারেসির ফিলোডেনড্রন, মানি প্ল্যান্ট,
অ্যাসপ্যারাগেসির ড্রাসিনা, পনিটেল পাম নোলিনা
স্নেক প্ল্যান্ট, স্পাইডার প্ল্যান্ট
অ্যাকানথেসির টাইগার লিফ প্ল্যান্ট স্যানচিজিয়া
ইউফরবিয়েসির পেডিলেন্থাস,
আর্টিকেসির কয়েন প্ল্যান্ট পাইলিয়া বা বন্ধুত্ব উদ্ভিদের
পাতায় পাতায় বিন্দু বিন্দু ঝরে জল
শ্যামল বনান্তভূমি করে ছলোছল।।
ঝরে ঘনধারা নবপল্লবে সজল ঘন নবীন মেঘে,
মৌমাছি, প্রজাপতির দল ঘর ছাড়া হয় পরাগসংযোগে।
উড়ে যায় বাদলের এই বাতাসে,
জল-ভেজা কেতকীর দূর সুবাসে।
চেয়ে থাকি যে শূন্যে অন্যপারে,
মেঘের ছায়ায় অন্ধকারে
আকাশ মুখর ছিল যে তখন, ঝরোঝরো বারিধারা
আমার ক্ষুদ্র বাস্তুতন্ত্রে অলংকার হয়ে থাক আলংকারিক
উদ্ভিদেরা।
মহামানবের সাগর তীরে
বারে বার আসব ফিরে।।




UCO Home Loan
Smart Financing for Your Perfect Home
Loan ROI
7.10%
100%
waiver in documentation & processing charges for loan sanctioned digitally
Loan EMI
672/-


UCO BANK


Drive Home Your Dream Car Today with
UCO Car Loan
With Easy EMI, Low Interest, and Instant Digital Sanction
EMI
1531/-
100%
waiver in documentation & processing charges for loan sanctioned digitally
ROI
7.45%


UCO Royal
Savings Deposit Product
Exclusive Banking for the Exclusive You
Maintain Rs. 1,00,000 MAB for the elite banking experience you deserve!
Benefits:
• Free 100 leaves cheque book
• Personalised Rupay Platinum Debit Card
• Free offline RTGS, NEFT and IMPS facility
• Personal Accident Cover of Rs. 10 Lakhs
• Locker and Key FoB


UCO PINK
PINK BASKET
Discover our unique deposit products tailored exclusively for women
Nidhi Sharma, MasterChef India Finalist, proudly introduce UCO Pink Basket for Women Customer
UCO APARAJITA (Saving Account)
• Personalised Rupay Select Debit card
• Personal Accident & death cover up to Rs. 100 Lacs
UCO JAYA LAKSHMI (Current Account)
• Initial deposit: Rs. 5,000/-
• Personal accidental insurance coverage of Rs. 5 lacs
UCO SANCHAYIKA (Flexi RD)
• Minimum monthly deposit: Rs. 2000/-
• Personal accidental death insurance coverage of Rs. 1 lac
Start your financial journey with UCO Bank !


UCO Unique
Savings Deposit Product
Exclusive Banking for the Exclusive You
Benefits:
• Free 50 leaves cheque book
• Personalised Rupay Platinum Debit Card
• Locker and Key FoB
• Personal Accident Cover of Rs. 2 Lakhs

digital piloto®

YOUR PARTNER IN
DIGITAL GROWTH

Helping businesses grow through strategy, search, performance, technology & creative solutions.



DIGITAL & PERFORMANCE MARKETING

SEO & AI SEARCH VISIBILITY

WEB, UI/UX & TECHNOLOGY

BRANDING, CREATIVE & CONTENT

AI SOLUTIONS

We Served

450+ Brands | 15+ Countries | 3000+ Project Delivered

Credentials

MSME सूक्ष्म, लघु एवं मध्यम उद्यम MICRO, SMALL & MEDIUM ENTERPRISES

विदेश व्यापार महानिदेशालय DIRECTORATE GENERAL OF FOREIGN TRADE

Google Partner

Digital Piloto Pvt. Ltd.
113 Regent Place, Tollygunge, Kolkata – 700040
www.digitalpiloto.com
@digitalpiloto

+91 70039 41041
+91 98326 97944
info@digitalpiloto.com


UNITEDWORLD
IQ City United World School of Business
AICTE Approved
Google Cloud Certified
INSTITUTION'S INNOVATION COUNCIL
IQ City United World School of Business, Kolkata
In Affiliation with Vidyasagar University
MBA
Dual Specialization Domains
• Marketing
• Finance
• Human Resource
• Digital Marketing
• Business Analytics & Data Science
BBA
• Bachelor of Business Administration (Hons.)
• BBA (Hons.) + Certification from IBM in AI & Business Intelligence
• BBA (Hons.) in Healthcare Management (IQ City Medical College)
BCA
• BCA (Hons.) + Certification from Google in Cloud Computing
NANDITA PAUL
(IQ City UWSB)
Times B School
RANKED 3rd
Times B-School Survey for West Bengal, 2026
State-of-the-art Infrastructure
AI-powered Learning
250+ Recruiters
Recruiting Companies
Deloitte.
Nestle
Crompton
Mondelez
Dabur
ITC
pantaloons
airtel
adani
Crisil
KPMG
Jio
KENT
L'ORÉAL
EY
Berger
pwc
reckitt
HDFC BANK
EXIDE
AXIS BANK
UltraTech
Godrej
Business Standard
wipro
Colgate
Reliance digital
91638 50000
www.uwsbkolkata.com
10th & 9th Floor, Infinity Benchmark, Block EP & GP, Sector V, Salt Lake City, Kolkata - 700091
iqcityuwsb


Infotech Lab
Empowering Digital Transformation
This Puja,
Take Your Business
To The Next Level
Build • Automate • Grow
Shubho Mahalaya
Complete digital solutions for startups, businesses and organizations.
Website Development
Modern, responsive and scalable websites
E-Commerce Solutions
Sell online with custom e-commerce platforms
Social Media Management
Strategy, content and campaigns to grow your brand
Business Email Setup
Professional email for your business
App Development
Custom Android / iOS applications
AI Chatbot Solutions
Automate support and improve efficiency
Festive Offers Available!
End-to-end Support
Affordable Packages
Fast Delivery
9830031349
www.infotechlab.in
sales@infotechlab.in
Get a Free Consultation →

यूनियन बैंक ऑफ इंडिया Union Bank of India

Union Bank of India is one of India's leading public sector banks. The Bank is a listed entity, with the Government of India holding 74.76% of its total share capital. Headquartered in Mumbai, the Bank was established on November 11, 1919. Andhra Bank and Corporation Bank were later amalgamated into Union Bank of India with effect from 1st April 2020.

Today, the Bank operates with a vast network of 8,500+ domestic branches, 9,100+ ATMs, and 22,000+ BC Points, serving over 22.40 crore customers (as of March 2024) through a workforce of 74,000+ employees.

Union Bank of India also operates internationally with two overseas branches at Dubai International Financial Centre (UAE) and Sydney (Australia), a banking subsidiary in London (UK), a joint venture in Malaysia, four domestic para-banking subsidiaries, two joint ventures, and one associate (Chaitanya Godavari Gramin Bank). It is the first large public sector bank in India to achieve 100% Core Banking Solution implementation.



ABOUT US:

Haldia Law College (est. 2002), affiliated with Vidyasagar University and approved by the Bar Council of India, is a leading legal institution known for academic excellence, high-quality legal education, strong placement opportunities, and recognition as one of India's premier legal institutions.

OUR MISSION

Our mission is to uphold the spirit of Satyameva Jayate, fostering intellectual and ethical growth while promoting honesty, social responsibility, and moral integrity. We aim to encourage creativity, innovation, and value-based learning to shape humane, professionally upright legal professionals.

OUR VISION

Our vision is to provide quality legal education that drives social transformation and shapes distinguished legal professionals for a progressive society.

MOOT COURT

The Late Rupinder Singh Suri Moot Court Hall at Haldia Law College hosts the Vibrant Moot Court Society, dedicated to developing students advocacy and legal skills. Through regular training, workshops and competitions it prepares students for national and international Moot Court events, fostering practical legal expertise and professionalism.

OUR FACILITIES

- Library
- Free Wi-Fi Campus
- Boys' and Girls' Hostel
- Various Government Scholarship Schemes
- Merit-cum-Means Scholarship
- Student Credit Card Scheme
- ICT-Enabled Smart Classrooms
- Modern Sports & Playground

GAMING HIGHLIGHTS

- Football
- Cricket
- Volleyball
- Badminton
- Table Tennis
- Athletics
- Carrom



OUR COURSES

* 3-Year LL.B. programme for graduates under the 10+2+3 pattern. The programme follows the Bar Council of India (BCI)-approved curriculum and provides students with legal education, practical training, moot court activities, internships, and other professional skills.
* 5-Year Integrated B.A. LL.B. programme for Class XII pass students, combining a strong foundation in Arts with professional legal education. The programme follows the Bar Council of India (BCI)-approved curriculum and prepares students for successful careers in the legal profession and related fields.
* 2-year LL.M. program under Vidyasagar University, enabling specialization in legal fields with modern facilities, expert faculty, and strong career prospects in law and academia.

03224-255355 • 9733545066 • 7001436938
• hlclibrary@gmail.com www.hlc.in


SRIDHARACHARYA ACADEMY OF MATHEMATICAL SCIENCES (SAAMS)
Promoting Research • Connecting Mathematicians • Inspiring Young Minds
Registration No. 100200040/2026 | Under Section 60 and Rule 69
JOIN SAAMS • MEMBERSHIP & ACADEMIC COLLABORATION
A professional network for mathematics research, education and innovation
ABOUT SAAMS
Established in 2024 in honour of the renowned Indian mathematician Sridharacharya, SAAMS brings together mathematicians, researchers, teachers and students to advance mathematical sciences through research, education and collaboration.
MEMBER BENEFITS
Membership certificate
Discounted registration for SAAMS events
Opportunities to co-organise academic programmes
Invited lectures and organising committees
Digital resources, expert interaction and research collaboration
OUR VISION
Build a vibrant global community for excellence in mathematical research, education, innovation and societal development.
OUR OBJECTIVES & ACTIVITIES
Promote mathematical research and education
Organise seminars, workshops and conferences
Publish journals, books and research reports
Support research, scholarships and collaboration
Popularise mathematics through outreach programmes
ACADEMIC COLLABORATION
SAAMS welcomes universities, colleges, schools, research institutes, mathematical societies, research centres, industries and professional organisations for joint conferences, seminars, workshops, publications, research projects, academic exchange, training and outreach.
OUR FUTURE
Expand research networks, strengthen grants and scholarships, enhance publications and develop online learning resources.
BECOME A MEMBER • BUILD COLLABORATIONS • ADVANCE MATHEMATICAL SCIENCES
Email: saamsacademy@gmail.com
Website: https://saamathsc.co.in
Contact: 8250002549
Research | Education | Collaboration | Innovation | Recognition


The Peak
Success Will Be At Your Fingertips If You Aspire For The Best
AN IDEAL STUDY CIRCLE
FOR COMPETITIVE EXAMS
Estd.: 2020
GENERAL
COMBINED COURSE
সরকারী চাকরির স্বপ্ন এবার হবে সত্যি
এই কোর্সের অন্তর্ভুক্ত
WBCS
PSC
SSC
RAIL
ICDS
পঞ্চায়েত
পুলিশ
& Other Govt. Exams
অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী
মানসম্মত স্টাডি ম্যাটেরিয়াল
নিয়মিত মক টেস্ট ও প্র্যাকটিস
নিশ্চিত সাফল্যের দিশা
নতুন ব্যাচ শুরু হচ্ছে
৩রা সেপ্টেম্বর থেকে
SPECIAL OFFER
25% ছাড়
একসাথে ৩ জনের বেশি ভর্তি হলে
DEMO CLASS AVAILABLE
ভর্তি পূর্বে ট্রায়াল ক্লাস
HEAD OFFICE
মেদিনীপুর, বিধাননগর,
মহুয়া সিনেমার সামনে
85099473 13


SURUCHI CHEMICAL SUPPLIERS
ABASH : PASCHIM MEDINIPUR
GST NO- 19BFRPP1887B1ZY
Prop. : Rajesh Kumar Palmal
MOB- 9933621744 / 9832110012
Email Id - plmlmid@gmail.com


উপেন্দ্র উৎসব ভবন
ও
গেস্ট হাউস
বিবাহ, অন্নপ্রাশন, জন্মদিন, উপনয়ন, মিটিং এবং যে কোন অনুষ্ঠানে
বেডরুম সহ হলঘর, এ.সি. ননএ.সি. সুলভ মূল্যে ভাড়া দেওয়া হয়।
অগ্রীম বুকিং এর জন্য যোগাযোগ করুন-
9933997345 / 9064668460 / 6294199700
কাপাসদা (খেলার মাঠের উত্তর পাশে) ঃঃ টগরিয়া ঃঃ কাঁথি ঃঃ পূর্ব মেদিনীপুর


BrowseSkill
A Community-Driven Skill Exchange Platform
The Local Skill Network for India
Discover Skills
Match Availability
Create Work
Build Trusted Skill History
CYBERSECURITY & AI
Corporate Training & Career Development
Learn. Secure. Innovate. Get Placed.
AI
Think Smarter.
Detect Faster.
Defend Stronger.
What if finding the right human skill were as easy as finding information online?
Find the Skill. Connect with the Person. Build Opportunity.


স্বনামধন্য অপ্রতিদ্বন্দী জুয়েলার
বিজয় কুমার সাহা
প্রতিষ্ঠিত
নিউ সাহা অলঙ্কার ভবন
কোতবাজার দোতলায় (প্রথম রুম)
কোতবাজার, মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর
ফোন- (০৩২২২) ২৭৫৪০৩, মোঃ- ৯৭৩৩৫০৫১৬৬

DURGAPUR INSTITUTE OF PARAMEDICAL SCIENCE

Affiliated to Vidyasagar University

Successfully running for 16 years

Address : - Hellen Keller Sarani, (Opposite of NHAI Complex), Sector - 2A, Bidhannagar, Durgapur – 713212, West Bengal, India

With best wishes from:

Dr. Akhund Ahammad Shamsul Alam

(Ph.D. Vidyasagar University, 2026)
Senior Management Counsellor
Bangladesh Institute of Management
4 Sobhanbag, Mirpur Road, Dhaka-1207
Bangladesh



Photo Gallery





অধ্যাপক-অধ্যাপিকা এবং সহপাঠী বৃন্দ (১৯৯০-৯২)



ছাত্রাবাস। আরউনিশ। শরৎপল্লী

Handing of the Alumni New Year Calendar

on 13th January, 2026





Welcoming newly appointed Hon'ble Vice-Chancellor
Prof. Dipak Kumar Kar
on behalf of
Vidyasagar University Alumni Association
on 21st March, 2025





Inauguration of

Vidyasagar University Logo Structure

dedicated with Pride by
Vidyasagar University Alumni Association
on 06th May, 2026





Alumni Lecture Series under Meet the Alumni Initiative by Partha Archarya, Alumnus 2006 Pass out on 15th December, 2025





Blanket Distribution Programme by Vidyasagar University Alumni Association on 08th January, 2026















Free Health Check-up Camp Organised by VUAA on 08th April, 2026



Interaction meeting of the internal Alumni stakeholders with Hon'ble Vice-chancellor on 02nd December, 2025





Meeting of the Board of Directors of VUAA











Visiting Memories





















Glimpses of the 5th Annual Alumni Meet (Sagare Fera - V) - 23rd February, 2025





































Vidyasagar University
Midnapore- 721102
West Bengal, India